ভ্রাতা রাবণের দুষ্ট পুত্র দুরাত্মা ইন্দ্রজিৎ কপট রাক্ষসবুদ্ধিদ্বারা সরল যোদ্ধা এই রাম-লক্ষ্মণকে ছলনা করিয়াছে ॥ ১৭ ॥

শরসমূহদ্বারা নিরন্তর বিদ্ধ এবং রক্তাক্ত-কলেবর ও মৃত্তিকায় নিদ্রিত এই রাম এবং লক্ষ্মণকে শজারু পশুর ন্যায় দেখা যাইতেছে ॥ ১৮ ॥

যাঁহাদের বিক্রম অবলম্বন করিয়া আমি স্বরাজ্যে প্রতিষ্ঠা আকাঙ্ক্ষা করিয়া-

---

১। ছ '-তাসঙ্কল্পৌ'। ২। ছ 'দুঃপু-'। ৩। ছ 'কৃতা-'। ৪। ছ '-বিক্রমৌ'। ৫। ছ '-নৈর্বিদ্ধৌ'।

জীবন্নদ্য বিপন্নোঽস্মি নষ্টরাজ্যমনোরথঃ।

পূর্ণপ্রতিজ্ঞশ্চ রিপুঃ সকামো রাবণঃ কৃতঃ ॥ ২০ ॥

এবং বিলপমানং তং পরিষ্বজ্য বিভীষণম্।

সুগ্রীবঃ সান্ত্বয়ামাস বচনং চেদমব্রবীৎ ॥ ২১ ॥

বিভীষণ কিমার্ত্তস্ত্বং কিঞ্চ মাং ন[১] বিভাষসে।

পর্য্যবস্থাপয়াত্মানমেবং[২] মা ভূস্ত্বমীশ্বর[৩] ॥ ২২ ॥

রাজ্যং প্রাপ্স্যসি ধর্ম্মজ্ঞ লঙ্কায়াং নাত্র সংশয়ঃ।

রাবণঃ সহ পুত্রেণ সকামো ন ভবিষ্যতি[৪] ॥ ২৩ ॥

২০। লো-টী। বিপন্নো মৃতোঽস্মি।

২২। লো-টী। পর্য্যবস্থাপয় স্থিরীকুরু।

[লো-টী।] শ্বাসয়িষ্যতি আশ্বাসয়িষ্যতি।

২৩। লো-টী। রাজ্যং রাজ্ঞো ভাবঃ রাজত্বম্ ঐশ্বর্য্যমিতি যাবৎ।

ছিলাম, এই সেই পুরুষশ্রেষ্ঠ রাম ও লক্ষ্মণ আমার বিনাশনিমিত্ত মৃত্তিকায় শয়ন করিয়া আছেন ॥ ১৯ ॥

আমার রাজ্যাভিষেক নষ্ট হইল, আমি আজ বাঁচিয়া থাকিয়াই মরণাপন্ন (জীবন্মৃত) হইলাম। শত্রু রাবণের অভিলাষ সিদ্ধ হইল, তাহার প্রতিজ্ঞা পূর্ণ হইল ॥ ২০ ॥

সুগ্রীব এইরূপ বিলাপকারী সেই বিভীষণকে আলিঙ্গন করত সান্ত্বনা দান করিলেন এবং এই কথা বলিলেন—॥ ২১ ॥

হে বিভীষণ, আপনি কি জন্য দুঃখিত হইয়াছেন, কেনই বা আমাকে কিছু বলিতেছেন না, চিত্ত স্থির করুন আপনি প্রভু হইয়া এরূপ করিবেন না ॥ ২২ ॥

হে ধার্ম্মিকপ্রবর, আপনি অবশ্যই লঙ্কায় রাজত্ব লাভ করিবেন, এবিষয়ে কোন সন্দেহ নাই, পুত্রের সহিত রাবণ সফলকাম হইবে না ॥ ২৩ ॥*

১। ছ 'নাভিভাষসে'। ২। ছ '-নং মাঞ্চ দীনং নিশাচর'। ৩। অতঃ পরং ছ-পুস্তকে 'রাঘবস্তাঞ্চ মাঞ্চৈব উত্থিতঃ সান্ত্বয়িষ্যতি। রাবণং সহ পুত্রেণ বধিষ্যতি সবান্ধবম্॥ শরসংপীড়িতাবেতৌ ভ্রাতরৌ রামলক্ষ্মণৌ॥ বরদানকৃতৈর্ব্বাণৈরুভৌ বীরৌ তপস্বিনৌ। তমেবং সান্ত্বয়িত্বা চ পরিষ্বজ্য চ রাক্ষসম্। সুগ্রীবঃ সত্ত্বসম্পন্ন ইদং বচনমব্রবীৎ॥ ইত্যধিকম্। ৪। ছ-পুস্তকে অতঃ পরং 'ত্যক্তমোহৌ বধিষ্যেতে রাবণং সগণং রণে' ইত্যধিকম্।

তমেবং পর্য্যবস্থাপ্য রাক্ষসং বানরাধিপঃ।[1]
অব্রবীদ্বানরেন্দ্রস্তু সুষেণং শ্বশুরং তদা ॥ ২৪ ॥

সহ সৈন্যৈর্হরিগণৈর্বিসংজ্ঞৌ বিক্লবাবুভৌ।[2] [3]
সুষেণ প্রাপয় ক্ষিপ্রং কিষ্কিন্ধ্যাং রামলক্ষ্মণৌ ॥ ২৫ ॥

অহন্তু রাবণং হত্বা সসুতং সহবান্ধবম্।[4]
মৈথিলীমানয়িষ্যামি শক্রো নষ্টামিব শ্রিয়ম্ ॥ ২৬ ॥

সর্ব্বে গচ্ছত বিশ্রব্ধা বর্জয়িত্বা তু মারুতিম্।
অনেনাহং সহায়েন হনিষ্যে রাক্ষসাধিপম্ ॥ ২৭ ॥[5]

রাবণং সগণং হত্বা তোষয়িষ্যামি রাঘবম্।
এক এব পুরীং লঙ্কাং ভস্মীকুর্য্যাং সরাক্ষসাম্ ॥ ২৮ ॥

২৫। লো-টী। বিক্লবৌ বিকলৌ।
[লো-টী।] নঙ্ক্ষ্যামি নাশয়িষ্যামি।

বানরাধিপ সুগ্রীব সেই রাক্ষস বিভীষণকে এইরূপে আশ্বস্ত করিয়া শ্বশুর সুষেণকে বলিতে লাগিলেন— ॥ ২৪ ॥

হে সুষেণ, আপনি শীঘ্রই বানরসৈন্যগণের সহিত অচেতন ও অবশ রাম এবং লক্ষ্মণকে কিষ্কিন্ধ্যায় প্রেরণ করুন ॥ ২৫ ॥

আমি পুত্র এবং বান্ধবগণের সহিত রাবণকে বধ করিয়া ইন্দ্রের বিনষ্ট ঐশ্বর্য্যের ন্যায় মিথিলারাজনন্দিনী সীতাকে আনয়ন করিব ॥ ২৬ ॥

পবন-নন্দন হনুমান্ ভিন্ন আর সকলে আশ্বস্ত হইয়া গমন করুন, আমি কেবলমাত্র ইহাঁর সাহায্যেই রাক্ষসরাজ রাবণকে বধ করিব ॥ ২৭ ॥

সপরিবারে রাবণকে বধ করিয়া আমি রামচন্দ্রকে পরিতুষ্ট করিব, আমি একাই রাক্ষসগণের সহিত লঙ্কানগরী ভস্ম করিতে সমর্থ হইব ॥ ২৮ ॥

১। ছ 'বানরং'। ২। ছ 'শূরৈ-'। ৩। ছ '-বিমৌ'। ৪। ছ 'সপুত্রং'। ৫। ছ 'ধক্ষ্যামি।'

হরিসৈন্যেন মহতা কিমহং[1] পুনরাগতঃ।
অদ্য কোপমহং মোক্ষ্যে[2] সগণে রাবণে দৃঢ়ম্।
সপুত্রবান্ধবজনে রুষিতঃ কালসংভৃতে[3] ॥ ২৯ ॥
অদ্য বীর্য্যঞ্চ তেজশ্চ সৌহার্দং সত্ত্বগৌরবম্।
দ্রক্ষ্যন্তি সর্ব্বভূতানি রামে চ দৃঢ়ভক্তিতাম্ ॥ ৩০ ॥
অদ্য চন্দনসারাণাং কেয়ূরাভরণস্য চ।
পরিষ্বঙ্গস্য নারীণাং স্পর্শস্য বিবিধস্য চ ॥ ৩১ ॥
তথা[4] স্পর্শস্য মাল্যানাং সূক্ষ্মাণাং চৈব বাসসাম্।
অনুরূপাবিমৌ বাহূ মিত্রকার্য্যং করিষ্যতঃ ॥ ৩২ ॥

২৯। লো-টী। কিং পুনরাগত ইতি লোকোক্তিঃ। অহং রুষিতঃ রুষ্ট ইত্যন্বয়ঃ। কালসংভৃতে কালেন মৃত্যুনা সম্যগ্ধৃতে।

৩০। লো-টী। বীর্য্যম্ অভীরুতাং তেজঃ পরাভিভবশীলত্বং সৌহার্দং রামে প্রেম, সত্ত্ব-গৌরবং বলস্য গুরুতাম্।

৩১-৩২। লো-টী। চন্দনসারাণাং সারাণি শ্রেষ্ঠানি চন্দনানি চন্দনসারাণি তেষাং তৈর্লিপ্তৌ বাহূ অনুরূপং মিত্রকার্য্যং করিষ্যত ইতি দ্বাভ্যামন্বয়ঃ। 'সারং ত্রিষু বরে পুংসি স্থিরাংশ-বলমজ্জসু' ইতি ভূরিঃ। এবং কেয়ূরাভরণযুক্তৌ নারীণাং পরিষ্বঙ্গস্য নারীণাং কৃতপরিষ্বঙ্গৌ বিবিধস্য চ কৃতবিবিধনাদৌ। 'স্পর্শো রুজায়াং দানে চ স্পর্শনে স্পর্শকেঽপি চে'তি কোষঃ। মাল্যবাসসাং স্পর্শস্য কৃতমাল্যবাসঃস্পর্শৌ।

আমি আবার কি জন্য বিপুল বানরসৈন্যের সহিত আসিয়াছি? আজ ক্রুদ্ধ আমি পুত্র, বান্ধব এবং অনুচরগণের সহিত কালকবলিত রাবণের প্রতি ক্রোধ উন্মুক্ত করিব। (অর্থাৎ তাহার প্রতি অত্যন্ত ক্রোধ প্রকাশ করিব) ॥ ২৯ ॥

অদ্য সমস্ত প্রাণী আমার নির্ভীকতা, পরাক্রম, সামর্থ্যের আধিক্য এবং রামের প্রতি সৌহার্দ্দ্য ও দৃঢ়ভক্তি অবলোকন করিবে ॥ ৩০ ॥

অদ্য চন্দনসার, কেয়ূরাভরণ, রমণীর আলিঙ্গন, বিবিধ স্পর্শ এবং মাল্য ও সূক্ষ্ম বস্ত্রের স্পর্শযোগ্য এই আমার বাহুদ্বয় মিত্রকার্য্য সম্পাদন করিবে ॥ ৩১-৩২ ॥

১। ছ '-মঙ্গ পুনরাবৃতঃ'। ২। ছ 'ত্যক্ষ্যে'। ৩। ছ '-তং'। ৪। ছ 'পরিস্পর্শস্য'।

অদ্য লঙ্কাং পুরীং রোষাৎ সপ্রাকারাং সতোরণাম্।
নীলজীমূতসঙ্কাশৈ রাক্ষসৈর্বহুভির্ব্বৃতাম্।
দিশো বিদ্রাবয়িষ্যামি বায়ুর্মেঘানিবোত্থিতান্ ॥ ৩৩ ॥
স্ববাহুবলবীর্য্যেণ পশ্যতাং সর্ব্বরক্ষসাম্।
রাবণং প্রমথিষ্যামি বৈনতেয় ইবোরগম্ ॥ ৩৪ ॥
অদ্য রোষঞ্চ[১] শোকঞ্চ দুঃখং চেক্ষ্বাকুনন্দনঃ।
ত্যক্ষ্যত্যেকপদে রামঃ সূদিতে যুধি রাবণে ॥ ৩৫ ॥
যমশক্রকুবেরাণামদ্য[২] বারীশ্বরস্য চ।
বীর্য্যেণ রাবণস্তুল্যো ন মে জীবন্ বিমোক্ষ্যতে ॥ ৩৬ ॥
মুহূর্ত্তাদেব পশ্যধ্বং কৃতকর্ম্মাণমাহবে।
নির্জ্জিত্য সীতাং দাস্যামি রাঘবায় মহাত্মনে ॥ ৩৭ ॥

৩৩। লো-টী। দিশশ্চতুর্দিশম্।
৩৫। লো-টী। একপদে একস্মিন্ পদার্থে রাবণে।
৩৬। লো-টী। বারীশ্বরস্য বরুণস্য।
৩৭। লো-টী। কৃতকর্ম্মাণং মাম্।

অদ্য ক্রোধবশতঃ তোরণযুক্ত প্রাচীরবেষ্টিত নীলমেঘসদৃশ রাক্ষসবৃন্দে পরিবৃত লঙ্কানগরীকে বায়ুবিদ্রাবিত মেঘের ন্যায় চতুর্দ্দিকে বিদ্রাবিত করিব ॥ ৩৩ ॥

আমি স্বীয় বাহুর পরাক্রমদ্বারা সমস্ত রাক্ষসের সমক্ষে রাবণকে গরুড়-কর্ত্তৃক প্রমথিত সর্পের ন্যায় প্রমথিত করিব ॥ ৩৪ ॥

অদ্য যুদ্ধে রাবণ নিহত হইলে ইক্ষ্বাকুনন্দন রামচন্দ্র ক্রোধ, শোক, দুঃখ-সমস্তই এককালে পরিত্যাগ করিবেন ॥ ৩৫ ॥

পরাক্রমে যম, ইন্দ্র, কুবের এবং বরুণ-সদৃশ রাবণ অদ্য আমার নিকট হইতে জীবিতাবস্থায় মুক্তি পাইবে না ॥ ৩৬ ॥

মুহূর্ত্তমধ্যেই আপনারা আমাকে যুদ্ধে কৃতকার্য্য অবলোকন করুন; আমি রাবণকে পরাজিত করিয়া মহাত্মা রামচন্দ্রের নিকট সীতাকে অর্পণ করিব ॥ ৩৭ ॥

১। ছ 'শোকঞ্চ রোষঞ্চ'। ২। ছ '-ণাং যক্ষপানীশ্বর-'।

কর্ম্মণানেন[১] মহতা তোষয়িষ্যামি রাঘবম্।
কৃতকৃত্যো ভবিষ্যামি যশঃ প্রাপ্স্যামি চোত্তমম্ ॥ ৩৮ ॥

প্রতিজ্ঞাতং যদার্য্যেণ রাঘবেণ মহাত্মনা।
বিভীষণায় দাস্যামি রাজ্যং নিহতকণ্টকম্ ॥ ৩৯ ॥

স ক্রোধাদ্বিপুলযশা মহানুভাবো
বাক্যৈস্তৈরতিবলবিক্রমোপপন্নৈঃ।
উৎসাহং পুনরধিকঞ্চ[২] বানরাণাং
চক্রে[৩] বৈ দিবসকরাত্মজঃ কপীন্দ্রঃ ॥ ৪০ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে সুগ্রীবগর্জ্জনং নাম
পঞ্চবিংশঃ সর্গঃ ॥ ২৫ ॥

৪০। লো-টী। স সুগ্রীবঃ ক্রোধাৎ বলবিক্রমোপপন্নৈর্বলবিক্রমযুক্তৈর্বাক্যৈর্বানরাণামধিকং পুনরুৎসাহং চক্রে জনয়ামাস ইত্যন্বয়ঃ। 'শত্রোর্বধাদি'তি পাঠে শত্রুবধমুদ্দিশ্য। 'উৎসাহং বলমধিকঞ্চে'তি পাঠঃ। চক্রে বৈ 'সঞ্চক্রে' ইতি বা পাঠঃ।

বিভীষণবিলাপঃ। কচিচ্চ সুগ্রীবগর্জ্জনম্ ॥ ২৫ ॥

এই [রাবণবধরূপ] মহৎ কার্য্যদ্বারা রামচন্দ্রকে সন্তুষ্ট করিব এবং কৃতকার্য্য হইয়া অত্যুত্তম যশোলাভ করিব ॥ ৩৮ ॥

মহাত্মা আর্য্য রামচন্দ্রের প্রতিজ্ঞানুসারে নিষ্কণ্টক রাজ্য বিভীষণকে প্রদান করিব ॥ ৩৯ ॥

সূর্য্যনন্দন বানরশ্রেষ্ঠ মহানুভাব অতিশয় যশস্বী সুগ্রীব ক্রোধবশে অত্যন্ত বলবিক্রমসূচক তাদৃশ বাক্যদ্বারা পুনরায় বানরদিগের উৎসাহ অত্যধিক বর্দ্ধিত করিলেন ॥ ৪০ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে সুগ্রীবগর্জ্জন-নামক
২৫শ সর্গ সমাপ্ত ॥ ২৫ ॥

১। ছ। 'কর্ম্মণা তেন'। ২। ছ 'বলমধি-'। ৩। ছ 'সঞ্চক্রে'।

(২৬) ষড়্বিংশঃ সর্গঃ

শ্রুত্বৈতদ্বানরেন্দ্রস্য সুষেণো বাক্যমব্রবীৎ।
দেবাসুরং[১] মহদ্ যুদ্ধমনুভূতং[২] পুরাতনম্ ॥ ১ ॥
[৩]তত্র স্ম দানবৈর্দেবাঃ শরৈর্ভিন্নাঃ সহস্রশঃ।
[৪]বিব্যথুঃ পীড়িতা বাণৈর্ভৃশং তে দৈত্যদানবৈঃ ॥ ২ ॥
তানার্ত্তান্ নষ্টসংজ্ঞাংশ্চ পরাসূংশ্চ বৃহস্পতিঃ।
দিব্যাভির্মন্ত্রযুক্তাভিরোষধীভিরজীবয়ৎ[৫] ॥ ৩ ॥
তামোষধীং সমানেতুং[৬] ক্ষীরোদং যান্তু সাগরম্।
জবেন[৭] বানরাঃ শীঘ্রং সম্পাতিপনসাদয়ঃ ॥ ৪ ॥

৩। লো-টী। কাংশ্চিদার্ত্তান্ পীড়িতান্ কাংশ্চিদ্ বা পরাসূন্ মৃতান্ চিকিৎসতি চিকিৎসিতবান্। 'অজীবয়দি'তি বা পাঠঃ।

৪। লো-টী। সগরপুত্রখানিতং নদবিশেষং ক্ষীরোদং ক্ষীরোদনামানং ন পুনঃ সপ্তান্তর্গতসমুদ্রবিশেষং জবেন বেগেন, 'জবনা' ইতি পাঠে বেগবত্তরাঃ।

বানররাজের কথা শুনিয়া সুষেণ বলিলেন—আমি অবগত আছি পুরাকালে দেবতা ও অসুরগণের যে সংগ্রাম হইয়াছিল, তাহাতে সহস্র সহস্র দেবতা দানব-কর্ত্তৃক শরজালে বিদারিত হইয়াছিলেন, তাঁহারা দৈত্য ও দানবগণকর্ত্তৃক শরদ্বারা পীড়িত হইয়া অতিশয় ব্যথিত হইয়াছিলেন ॥ ১-২ ॥

বৃহস্পতি সমন্ত্রক দিব্যৌষধীদ্বারা সেই আর্ত্ত, সংজ্ঞাহীন ও মৃত দেবগণের জীবনদান করিয়াছিলেন ॥ ৩ ॥

সম্পাতি ও পনস প্রভৃতি বানরগণ সেই ওষধী আনয়ন করিতে দ্রুতবেগে ক্ষীরোদসাগরে গমন করুক ॥ ৪ ॥

১। ছ 'ময়া যুদ্ধ-'। ২। ছ 'সুদারুণম্'। ৩। ছ 'তদস্মিন্ দানবৈর্দেবাঃ শরসংস্পর্শকোবিদাঃ'। ৪। ছ 'বিনিঘ্নন্তোঽস্ত্রবিদ্বাংসো মুহুর্মুহুরশাতয়ন্'। ৫। ক '-শ্চিকিৎসতি'। ৬। ক '-ধীমানয়িতুং'। ৭। ছ 'জবনা'।

ওষধীং[১] তাং বিজানন্তি পার্ব্বতীয়া বনৌকসঃ।
সঞ্জীবকরণীং[২] দিব্যাং বিশল্যাং দেবনির্ম্মিতাম্[৩] ॥ ৫ ॥

যত্র দ্রোণশ্চ চন্দ্রশ্চ পর্ব্বতৌ ক্ষীরতোয়ধৌ।
অমৃতং যত্র[৪] মথিতং তত্র সা পরমৌষধিঃ[৫] ॥ ৬ ॥

তৌ[৬] তত্র নিহিতৌ দেবৈঃ পর্ব্বতৌ দ্বৌ[৭] মহোদধৌ।
অয়ং বায়ুসুতো ধীমান্[৮] হনূমাংস্তত্র গচ্ছতু ॥ ৭ ॥

৫। লো-টী। 'ওষধীং তাং বিজানন্তী'তি ক্বচিৎ পাঠঃ। 'ওষধীস্তে তু জানন্তী'তি ক্বচিৎ। পর্ব্বতীয়াঃ পর্ব্বতে বসন্তঃ তত্র বসতীত্যর্থে ঈয়ণ্। সুচ্ছবীকরণী শোভনকরণী স্বচ্ছবীকরণীতি স্বয়ং দীপ্তকরণী। 'ছবিঃ শোভারুচোর্ধোষিজ্জবো বেগবতি ত্রিম্বি'তি কোষঃ।

৬। লো-টী। ননু সগরপুত্রখনিতনদবিশেষঃ ক্বচিদ্বিংশতিযোজনসহস্রকঃ ক্বচিদ্বিংশতি-যোজনসহস্রাত্মকঃ ক্বচিদন্যপ্রকারঃ, তস্য কিমবচ্ছেদে বিশল্যা ইত্যপেক্ষায়ামাহ –যত্র দ্রোণ-শ্চেতি। সাগরস্য যত্র তীরে তৌ বর্ত্তেতে তত্র সা পরমৌষধিঃ। 'তত্র তাঃ পরমৌষধী'রিতি পাঠে পরমৌষধ্যঃ। বিশল্যায়া গুণান্তরমাহ—ক্ষীরতোয়ধৌ যত্র যস্যাং ক্ষিপ্তায়াং সত্যাম্ অমৃতং মথিতম্।

৭। লো-টী। ননু সাগরতীরে তৌ পর্ব্বতৌ স্বয়মেব জাতৌ কিং বা তত্র কৈশ্চিদারো-পিতৌ ইত্যপেক্ষায়ামাহ—'তৌ তত্রে'তি। ক্ষীরতোয়ধৌ তত্তীরে বর্ত্তমানৌ তৌ দেবৈস্তত্র বিনিহিতৌ স্থাপিতৌ, পুরস্তত্রস্থয়া বিশল্যয়া দৈত্যদানবানাং দেবান্ বিহায় অমৃতমথন-সম্ভবাদিত্যাশঙ্কয়েতি ভাবঃ। পূর্ব্বং সংপাত্যাদীনাং গমনমুক্তমপি তেষাং বেগাদধিকবেগবন্তং হনূমন্তমাকলয্য তমুপদিশতি—অয়মিতি।

পার্ব্বত্য বানরগণ সেই জীবনদায়ক দেবনির্ম্মিত বিশল্যকরণী দিব্যৌষধীকে চিনেন ॥ ৫ ॥

ক্ষীরোদসমুদ্রে যে-স্থানে দ্রোণপর্ব্বত ও চন্দ্রপর্ব্বত বিদ্যমান এবং যেখানে অমৃতমন্থন হইয়াছিল, সেইখানে সেই শ্রেষ্ঠ ওষধি অবস্থিত ॥ ৬ ॥

দেবগণ সেই পর্ব্বত দুইটীকে সেই মহাসমুদ্রে স্থাপিত করিয়াছেন। এই পবননন্দন বুদ্ধিমান্ হনুমান্ সেখানে গমন করুন ॥ ৭ ॥

১। ছ '-ধীশ্চাভিজ্ঞা-'। ২। ছ 'সচ্ছবীকরণা দিব্যা বিশল্যা দেবনির্ম্মিতা'। ৩। ছ-পুস্তকে অতঃ পরং 'মৃতসঞ্জীবনীশ্চৈব সন্ধানকরণীস্তথা'। ইত্যধিকম্। ৪। ছ 'মথিতং যত্র'। ৫। ছ -'ধী'। ৬। ছ 'তত্র তৌ বিহিতৌ'। ৭। ছ 'ক্ষীরতোয়ধৌ'। ৮। ছ 'রাজন্'।

অথৈনমুপসঙ্গম্য বায়ুঃ কর্ণে[১] বচোঽব্রবীৎ ।
রাম রাম মহাবাহো আত্মানং স্মর বৈ হৃদা[২] ॥ ৮ ॥
নারায়ণস্ত্বং ভগবান্ রাক্ষসার্থেঽবতারিতঃ ।
স্মর সর্পভুজং দেবং বৈনতেয়ং মহাবলম্ ।
স সর্পবন্ধাদ্[৩] ঘোরাৎ তু[৪] যুবাং সংমোচয়িষ্যতি ॥ ৯ ॥
স তস্য বচনং শ্রুত্বা রাঘবো রঘুনন্দনঃ ।
সস্মার[৫] গরুড়ং দেবং ভুজগানাং ভয়াবহম্ ॥ ১০ ॥
এতস্মিন্নন্তরে বায়ুর্মেঘাশ্চাসন্[৬] সবিদ্যুতঃ ।
পর্য্যস্তং সাগরে তোয়ং প্রাকম্পন্ত[৭] চ পর্ব্বতাঃ ॥ ১১ ॥

৯। লো-টী। রাক্ষসার্থে রাক্ষসবধার্থে দেবৈস্ত্বমবতারিতঃ মানুষত্বং প্রাপিতঃ।

১১। লো-টী। এতস্মিন্নন্তরে ক্ষণে মেঘা ন (?) সাগরে চ যত্তোয়ং পর্য্যস্তং পরি সর্ব্বতোভাবেন অস্তমবসিতং জ্ঞাতম্ পর্ব্বতান্ কম্পয়ন্নিব বায়ুঃ সমুত্থতঃ প্রাবর্ত্ততেত্যন্বয়ঃ। 'মেঘাশ্চাসন্ সবিদ্যুতঃ,' 'প্রাকম্পন্ত চ পর্ব্বতা' ইতি পাঠে পর্য্যস্তম্ উচ্ছূনম্।

অনন্তর বায়ু রামচন্দ্রের নিকট উপস্থিত হইয়া তাঁহার কর্ণে বলিলেন—হে রাম, হে মহাবাহো, আপনি নিজকে স্মরণ করুন ॥ ৮ ॥

আপনি ভগবান্ নারায়ণ, রাক্ষসবধার্থে অবতীর্ণ হইয়াছেন। মহাবলশালী সর্পভোজী গরুড়দেবকে স্মরণ করুন, তিনি আপনাদিগকে ভীষণ নাগপাশ হইতে মুক্ত করিবেন ॥ ৯ ॥

রঘুনন্দন রাম তাঁহার কথা শুনিয়া সর্পদিগের ভয়াবহ গরুড়দেবকে স্মরণ করিলেন ॥ ১০ ॥

ইতিমধ্যে ঝড়, মেঘ ও বিদ্যুৎ হইতে লাগিল, সাগরের জল উৎক্ষিপ্ত হইতে লাগিল এবং পর্ব্বতসমূহ কম্পিত হইতে লাগিল ॥ ১১ ॥

১। ছ 'শ্রোত্রে'। ২। ছ 'প্রভো'। ৩। ছ '-বন্ধনাদ্'। ৪। ছ 'বৈ'। ৫। ছ 'রামো'। ৬। ছ -শ্চৈব'। ৭। ছ 'কম্পয়ন্নিব তোয়দান্'।

মহতা পক্ষবাতেন সর্ব্বে[১] তীররুহা দ্রুমাঃ।

বহুধা পতিতা ভগ্নাঃ সমূলা লবণাম্ভসি ॥ ১২ ॥

অভবন্ পন্নগাস্ত্রস্তা[২] ভোগিনস্তোয়বাসিনঃ।

[৩]শীঘ্রস্রোতাংসি যান্যাসন্ মন্দং জগ্মুর্ভয়াৎ তদা ॥ ১৩ ॥

ভয়াৎ সর্ব্বাণি যাদাংসি জগ্মুশ্চ[৪] লবণাম্ভসি।

দানবাশ্চ মহাকায়াঃ পাতালতলবাসিনঃ ॥ ১৪ ॥

ততো মুহূর্ত্তাদ্[৫] গগনে বৈনতেয়ং মহাবলম্।

বানরা দদৃশুঃ সর্ব্বে জ্বলন্তমিব পাবকম্।

তমাগতমভিপ্রেক্ষ্য নাগাস্তে বিপ্রদুদ্রুবুঃ ॥ ১৫ ॥

১২। লো-টী। কেচন সমূলাঃ পতিতাঃ কেচন ভগ্নাঃ।

১৩। লো-টী। ভোগিনঃ প্রশস্তদেহবন্তঃ। স্রোতাংসি তেষাং যানীন্দ্রিয়াণি আসন্ তানি শীঘ্রং তৎক্ষণমেব মন্দং ভাবম্ অবশত্বমিতি যাবৎ, জগ্মুঃ প্রাপুঃ। 'স্রোতোঽম্বুবেগ ইন্দ্রিয়ে' ইতি কোষঃ। যদ্বা, প্রকৃতোঽর্থঃ। জগ্মুরন্বত্রেত্যর্থঃ।

[গরুড়ের] পক্ষ-সঞ্চালিত প্রবল বায়ুবেগে তীরজাত বৃক্ষসমূহ বহুখণ্ডে ভগ্ন হইয়া সমূলে লবণসমুদ্রে পতিত হইল ॥ ১২ ॥

সলিলবাসী ফণাধারী সর্পগণ ভীত হইল; যে-সমস্ত শীঘ্রগামী স্রোত ছিল, তাহারা ভয়ে মন্দগামী হইল ॥ ১৩ ॥

পাতালতলবাসী বিশালকায় দানবগণ এবং সমস্ত জলজন্তু ভয়ে লবণসমুদ্রে গমন করিল ॥ ১৪ ॥

তার পর মুহূর্ত্তমধ্যে বানরগণ সকলেই আকাশে জ্বলন্ত অগ্নির ন্যায় মহাবলশালী গরুড়কে দেখিতে পাইল। তাহাকে আগত দেখিয়া সেই নাগগণ ভীত হইল ॥ ১৫ ॥

১। ছ 'সর্ব্বতীরমহা'-। ২। ছ '-স্তত্র'। ৩। ক 'শীঘ্রং'। ৪। ছ '-স্তসঃ'। ৫। ছ '-র্ত্তং গগনাদ্'।

শররূপাস্তদা সর্ব্বে নাগা জগ্মুর্মহীতলম্ ।
যৈস্তৌ সৎপুরুষৌ বদ্ধৌ শরীরৈস্থৈর্মহাবলৌ ॥ ১৬ ॥

ততঃ সুপর্ণঃ কাকুৎস্থৌ দৃষ্ট্বা প্রত্যভিনন্দ্য চ ।
প্রমমার্জ্জ চ পাণিভ্যাং মুখে চন্দ্রপ্রভে তয়োঃ ॥ ১৭ ॥

বৈনতেয়েন সংস্পৃষ্টাঃ সর্ব্বে তে রুরুহুর্ব্রণাঃ ।
সমবর্ণাশ্চ তেঽভূবংস্তয়োর্গাত্রে ক্ষণেন হ ॥ ১৮ ॥

তৌ চাপি সমুপাঘ্রায় সুপর্ণঃ কনকপ্রভঃ ।
বলং বীর্য্যঞ্চ তেজশ্চ তথৈবোৎসাহ এব চ ।
প্রদর্শনঞ্চ বুদ্ধিশ্চ তদাসীদ্দ্বিগুণং তয়োঃ ॥ ১৯ ॥

১৭। লো-টী। প্রত্যভিনন্দ্য আশ্বাস্য।

১৮। লো-টী। যে ব্রণাঃ ক্ষতানি রুরুহুর্জাতাস্তে সমবর্ণাঃ সংবৃত্তা দূরীভূতান্যভূবন্। 'সর্ব্বে তে তেঽভূবন্' ইতি পাঠে যে যে রুরুহুস্তে তে সমবর্ণা অভূবন্নিতার্থঃ।

১৯। লো-টী। সমুপাঘ্রায় স্পৃষ্ট্বা, বলং শারীরং, বীর্য্যমভীরুতা, তেজঃ পরাভিভবকারিতা, উৎসাহো যুদ্ধোদ্যমঃ, প্রদর্শনং দূরদর্শিতা।

তখন শররূপী সর্পগণ সকলেই ভূগর্ভে প্রবেশ করিল—তাহারা মহাবলশালী রাম-লক্ষ্মণের শরীরে লগ্ন হইয়া তাঁহাদিগকে বন্ধন করিয়াছিল ॥ ১৬ ॥

তার পর গরুড় সেই রাম-লক্ষ্মণকে দেখিয়া অভিনন্দিত করিলেন এবং করতলদ্বারা তাঁহাদের চন্দ্রপ্রভ মুখমণ্ডল মার্জ্জনা করিলেন ॥ ১৭ ॥

গরুড়ের স্পর্শে তাঁহাদের গাত্রের ক্ষতগুলি সমস্ত শুকাইয়া গেল এবং ক্ষতের চিহ্নও বিলুপ্ত হইল ॥ ১৮ ॥

সুবর্ণের ন্যায় প্রভাসমন্বিত গরুড় তাঁহাদিগকে আঘ্রাণ করিলেন। তখন তাঁহাদের বল, বীর্য্য, তেজ, উৎসাহ, দৃষ্টিশক্তি ও বুদ্ধি দ্বিগুণ হইল ॥ ১৯ ॥

১। ছ 'ইদমর্দ্ধং নাস্তি'। ২। ছ 'স্বপু-'। ৩। ছ 'শরবন্ধৈর্ম্মহাবলৌ'। ৪। ছ 'মার্জ্জয়ামাস'। ৫। ছ '-র্গাস্ততো ভূতা-'। ৬। ছ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি।

তাবুত্থায় মহাবীর্য্যৌ গরুড়ং বাসবোপমৌ।
[১] উভৌ সস্বজতুর্হৃষ্টৌ রামশ্চেদমুবাচ হ ॥ ২০ ॥

তব প্রসাদাদ্ব্যসনং রাবণি[২]প্রভবং মহৎ।
আবাং শীঘ্রমতিক্রান্তৌ[৩] ক্ষিপ্রঞ্চ সুস্থতামিতৌ।
[৪] শরবন্ধাদ্বিনির্মুক্তৌ প্রাপ্তৌ চ পরমং বলম্ ॥ ২১ ॥

[৫] যথা দশরথং তাতং যথা চ প্রপিতামহম্।
তথা ভবন্তমাসাদ্য হৃদয়ং মে প্রসীদতি ॥ ২২ ॥

[৬] কো ভবান্ রূপসম্পন্নো দিব্যস্রগনুলেপনঃ।
দিব্যবস্ত্রধরঃ শ্রীমান্ দিব্যাভরণভূষিতঃ ॥ ২৩ ॥

[লো-টী।] অব্রবীদিত্যার্ষম্ (?)।
২১। লো-টী। পরমং পূর্ব্ববলাদপি শ্রেষ্ঠং বলম্।
২২। লো-টী। আসাদ্য প্রাপ্য স্থিতস্য মে মম।

ইন্দ্রসদৃশ মহাবলশালী রাম-লক্ষ্মণ উভয়ে উত্থিত হইয়া সানন্দে গরুড়কে আলিঙ্গন করিলেন এবং রাম বলিলেন—॥ ২০ ॥

আপনার প্রসাদে আমরা ইন্দ্রজিৎ হইতে সমুৎপন্ন মহাভয় সত্বর অতিক্রম করিলাম এবং দ্রুত আরোগ্য লাভ করিলাম, [সম্প্রতি] শরবন্ধন হইতে মুক্ত হইয়া বেশ বল পাইতেছি ॥ ২১ ॥

পিতা দশরথ এবং প্রপিতামহকে পাইলে যেমন হয়, আপনাকে পাইয়া আমার হৃদয়ের সেইরূপ প্রসন্নতা জন্মিয়াছে ॥ ২২ ॥

দিব্যমাল্যধারী দিব্যবস্ত্রাভরণ-ভূষিত দিব্য অনুলেপনে অনুলিপ্ত সুন্দর রূপবান্ আপনি কে? ॥ ২৩ ॥

১। ছ 'পরিষজ্য ততো হৃষ্টাবিদং বচনমূচতুঃ'। ২। ছ 'রাবণেঃ'। ৩। ছ 'পরমঞ্চ মহাবলম্'। ছ-টিপ্পন্যাং 'ক্ষিপ্রঞ্চ বলিনৌ কৃতৌ'। ৪। ছ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৫। ছ 'তাতং দশরথং'। ৬। ছ '-গন্ধা-'।

ইত্যুক্তঃ প্রস্থতং বাক্যং রাঘবেণ মহাত্মনা।
উবাচ গরুড়ো বাক্যং মধ্যে তেষাং বনৌকসাম্[১] ॥ ২৪ ॥
পরিষ্বজ্য চ হৃষ্টাত্মা বাষ্পপর্য্যাকুলেক্ষণঃ।
হসন্নুবাচ কাকুৎস্থং স্থপর্ণঃ পতগেশ্বরঃ ॥ ২৫ ॥
অহং সখা তে কাকুৎস্থ প্রাণো বাহ্য ইবাপরঃ।
[২]ঔরসঃ কশ্যপস্থতো বিনতায়াঃ স্থতো হ্যহম্।
গরুত্মানিহ সম্প্রাপ্তো যুবয়োঃ সখ্যকারণাৎ ॥ ২৬ ॥
[৩]অস্থরা বা মহাবীর্য্যা দানবা বা মহাবলাঃ।
দেবতা বা সগন্ধর্ব্বাঃ পুরস্কৃত্য শতক্রতুম্ ॥ ২৭ ॥
নেমং মোচয়িতুং শক্তাঃ শরবন্ধং স্থদারুণম্।
মায়াবলাদিন্দ্রজিতা নির্ম্মিতং ক্রূরকর্ম্মণা ॥ ২৮ ॥

২৪। লো-টী। প্রস্থতং সবিনয়ম্।

মহাত্মা রাঘব সেই বানরদিগের মধ্যে এইরূপ বিনীতবাক্য বলিলে, গরুড় কথা বলিলেন ॥ ২৪ ॥

হৃষ্টচিত্ত পক্ষিরাজ গরুড় রামচন্দ্রকে আলিঙ্গন করিয়া বাষ্পাকুলনেত্রে হাসিতে হাসিতে বলিলেন—॥ ২৫ ॥

হে কাকুৎস্থ, আমি আপনার বহিশ্চর-প্রাণপ্রতিম সখা, আমি বিনতার গর্ভে কশ্যপের ঔরসজাত পুত্র গরুড়, আপনাদের বন্ধুত্বের জন্যই এখানে উপস্থিত হইয়াছি ॥ ২৬ ॥

মহাবীর্য্য অস্থরগণ, মহাবেগশালী দানবগণ অথবা ইন্দ্রপুরঃসর দেবতা ও গন্ধর্ব্বগণ ক্রূরকর্ম্মা ইন্দ্রজিতের মায়াবলে নির্ম্মিত এই শরবন্ধন মোচন করিতে অসমর্থ ॥ ২৭-২৮ ॥

১। ছ 'রামং'। ২। ছ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৩। ছ 'ঋষয়ো'।

এতে[1] হি নৈর্ঋতা নাগা যুক্তা[2]স্তীক্ষ্ণা মহাবিষাঃ।
রক্ষোমায়াপ্রভাবেণ শরা ভূত্বা ত্বদাশ্রিতাঃ ॥ ২৯ ॥
ভাগ্যবানসি ধর্ম্মজ্ঞ রাম সত্যপরাক্রম।
লক্ষ্মণেন সহ ভ্রাত্রা সংখ্যে[3]হস্মিন্ ন হতো যতঃ ॥ ৩০ ॥
ইদং শ্রুত্বা তু বৃত্তান্তং ত্বরমাণোহহমাগতঃ।
সহসৈব তব স্নেহাৎ সখিত্বমনুপালয়ন্ ॥ ৩১ ॥
কারণ[4]ঞ্চৈব সখ্যস্য ন প্রষ্টব্যোহস্মি রাঘব।
নিহতে রাবণে সর্ব্বং সখিত্বং জ্ঞাস্যসে মম ॥ ৩২ ॥
মোক্ষিতৌ চ মহাঘোরাদেতস্মাদিষুবন্ধনাৎ।
অপ্রমাদশ্চ সংগ্রামে কর্ত্তব্যো[5] রঘুনন্দন ॥ ৩৩ ॥

২৯। লো-টী। মায়াবলান্নির্ম্মিতং শরবন্ধং মোচয়িতুং ন শক্তাঃ। নৈর্ঋতা রাক্ষসাঃ। যুক্তা উদ্যুক্তা বলবন্ত ইত্যর্থঃ।

৩১। লো-টী। ইদং বৃত্তান্তম্ 'বৃত্তান্তঃ স্যাৎ প্রকরণে প্রকারে কার্ৎস্নবার্ত্তয়ো'রিতি ভূরি০। বয়স্যত্বে সখিত্বে।

৩৩। লো-টী। অপ্রমাদঃ প্রমাদোহনবধানতা তদভাবঃ, সাবধানেন ভবিতব্যমিত্যর্থঃ।

রাক্ষসের এই শরসমূহ রাক্ষসী মায়াপ্রভাবে মহাবিষধর তীক্ষ্ণ সর্পরূপ ধারণ করিয়া আপনাকে আশ্রয় করিয়াছিল ॥ ২৯ ॥

হে ধর্ম্মজ্ঞ সত্যপরাক্রম রাম, আপনি ভাগ্যবান্, যেহেতু আপনি ভ্রাতা লক্ষ্মণের সহিত এই যুদ্ধে নিহত হন নাই ॥ ৩০ ॥

সহসা এই কথা শুনিয়াই আমি স্নেহবশে আপনার বন্ধুত্বের মর্য্যাদারক্ষার্থে ত্বরান্বিত হইয়া আগমন করিয়াছি ॥ ৩১ ॥

হে রাঘব, বন্ধুত্বের কারণসম্পর্কে আমাকে প্রশ্ন করিবেন না; রাবণ নিহত হইলে আমার সমস্ত বন্ধুত্ব আপনি জানিতে পারিবেন ॥ ৩২ ॥

হে রঘুনন্দন, আপনারা এই মহাভয়ঙ্কর শরবন্ধন হইতে মুক্ত হইলেন। যুদ্ধে সাবধানতা অবলম্বন করিবেন ॥ ৩৩ ॥

১। ছ 'এতৈর্হি'। ২। ছ 'মুক্তা-'। ৩। ছ 'সমরে শক্রঘাতিনা'। ৪। ছ '-ণস্তু বয়স্যত্বে'। ৫। ছ 'কর্ত্তব্যঃ সংগ্রামে'।

প্রকৃত্যা রাক্ষসাঃ সর্ব্বে সংগ্রামে কূটযোধিনঃ।
শূরাণাং মৃদুভাবানাং[১] ভবতামার্জবং বলম্‌ ॥ ৩৪ ॥
তন্ন বিশ্বসিতব্যং[২] বৈ রাক্ষসানাং রণাজিরে।
[৩]আত্মৌপম্যেন ধর্ম্মজ্ঞ নিত্যং জিহ্মা হি রাক্ষসাঃ।
কূটযোধাশ্চ তে সর্ব্বে ক্ষুদ্রাশ্চৈবাপি সর্ব্বশঃ ॥ ৩৫ ॥
এবমুক্ত্বা ততো রামং সুপর্ণঃ পতগেশ্বরঃ।
পরিষ্বজ্য চ সুস্নিগ্ধমাপ্রষ্টুমুপচক্রমে[৪] ॥ ৩৬ ॥
সখে রাঘব ধর্ম্মজ্ঞ রিপূণামপি বৎসল।
অভ্যনুজ্ঞাতমিচ্ছামি[৫] গমিষ্যামি যথাগতম্‌ ॥ ৩৭ ॥

৩৪। লো-টী। প্রকৃত্যা স্বভাবেন। মৃদুভাবানাং কোমলচিত্তানাম্‌ আর্জ্জবং বক্রতারহিতং ধর্ম্ম্যং বলমিত্যর্থঃ।

৩৫। লো-টী। রণাজিরে রণবিষয়ে। 'অজিরং প্রাঙ্গণে বাতে বিষয়ে দর্দুরে তনা'বিতি কোষঃ। স্বেন স্বানুভূতেন অনেনানুমানেন লিঙ্গেনেতি সর্ব্বজ্ঞঃ। 'স্বেনৌপম্যেনে'তি পাঠে স্বেনোপমানেনেত্যর্থঃ। জিহ্মাঃ কুটিলাঃ।

৩৬। লো-টী। আপ্রষ্টুং গমনায়াজ্ঞাং গ্রহীতুম্‌।

রাক্ষসগণ সকলেই স্বভাবতঃ রণক্ষেত্রে কূটযুদ্ধপরায়ণ, আপনারা বীর হইলেও মৃদুভাবাপন্ন, সরলতাই আপনাদের বল ॥ ৩৪ ॥

হে ধর্ম্মজ্ঞ, সুতরাং রণক্ষেত্রে নিজের তুলনায় রাক্ষসদিগকে বিশ্বাস করিবেন না; রাক্ষসগণ নিয়তই কুটিল, তাহারা সকলেই সর্ব্বাংশে নীচ এবং কূটযুদ্ধ-পরায়ণ ॥ ৩৫ ॥

পক্ষিরাজ গরুড় এই কথা বলিয়া তার পর রামকে অতিশয় স্নেহসহকারে আলিঙ্গনপূর্ব্বক বিদায়সম্ভাষণ করিতে আরম্ভ করিলেন—॥ ৩৬ ॥

হে শত্রুবৎসল ধর্ম্মজ্ঞ রাঘব, হে সখে, আমি যথাস্থানে গমন করিব, আপনার অনুজ্ঞা প্রার্থনা করি ॥ ৩৭ ॥

১। ছ '-ভাবানাং'। ২। ছ '-ব্যস্তে'। ৩। ছ 'স্বভাবেনানুমানেন'। ৪। ছ '-গ্ধাঃ সংপ্র-'। ৫। ছ '-জ্ঞাতু-'।

ন চ কৌতূহলং কার্য্যং সখিত্বং প্রতি রাঘব।
কৃতকর্ম্মা স্বয়ং বীর সখিত্বমপি বেৎস্যসি[১] ॥ ৩৮ ॥

বালবৃদ্ধাবশেষাঞ্চ কৃত্বা লঙ্কাং শরোর্ম্মিভিঃ।
রাবণঞ্চ[২] রণে হত্বা সীতাং সমুপলপ্স্যসে ॥ ৩৯ ॥

ইত্যেবমুক্ত্বা বচনং[৩] সুপর্ণঃ[৪] শীঘ্রবিক্রমঃ।
রামং প্রদক্ষিণং কৃত্বা মধ্যে তেষাং বনৌকসাম্।
জগামাকাশমাবিশ্য গরুড়ঃ পবনোপমঃ[৫] ॥ ৪০ ॥

নীরুজৌ রাঘবৌ দৃষ্ট্বা তচ্চাশ্চর্য্যং প্লবঙ্গমাঃ।
প্রহৃষ্টাঃ সসৃজুর্নাদং রাক্ষসানাং ভয়াবহম্ ॥ ৪১ ॥

ততো ভেরীঃ সমাজঘ্নুর্মৃদঙ্গাংশ্চাভ্যবাদয়ন্[৬]।
দধ্মুঃ শঙ্খাংশ্চ সংহৃষ্টাঃ ক্ষ্বেলন্ত্যপি[৭] যথাপুরম্।
তে বানরা ভীমবলাঃ প্রহর্ষাৎ সস্মিতাননাঃ ॥ ৪২ ॥

৩৯। লো-টী। বালবৃদ্ধাববশেষৌ যস্যাং তাং কৃত্বা, শরোর্ম্মিভিঃ শরপীড়াভিঃ। 'উর্ম্মির্ব্বা স্ত্রী প্রকাশে স্যাদ্বেদনাপীড়য়োরপী'তি কোষঃ।

হে রাঘব, বন্ধুত্বের বিষয়ে কৌতূহল পোষণ করিবেন না; হে বীর, কার্য্যসিদ্ধি করিয়া আপনি স্বয়ং বন্ধুত্বের বিষয়ও জানিতে পারিবেন ॥ ৩৮ ॥

আপনার শরতরঙ্গে লঙ্কার বালক ও বৃদ্ধগণমাত্র অবশিষ্ট থাকিবে। আপনি যুদ্ধে রাবণকে নিহত করিয়া সীতাকে লাভ করিবেন ॥ ৩৯ ॥

শীঘ্রগতি বায়ুতুল্য গরুড় এই কথা বলিয়া সেই বানরগণের মধ্যে রামকে প্রদক্ষিণ করিয়া আকাশে আরোহণপূর্ব্বক গমন করিলেন ॥ ৪০ ॥

বানরগণ রাম-লক্ষ্মণকে বেদনাশূন্য দেখিয়া এবং এই আশ্চর্য্য কাণ্ড দেখিয়া হৃষ্ট হইল এবং রাক্ষসদিগের ভীতিপ্রদ গর্জ্জন করিতে লাগিল ॥ ৪১ ॥

তার পর সেই ভীমবলশালী বানরগণ আনন্দিত হইয়া ভেরী ও মৃদঙ্গ

১। ছ '-মন্থ-'। ২। ছ '-গন্ত'। ৩। ছ 'তং রামং'। ৪। ছ 'পতগেশ্বরঃ'। ৫। ছ ,-নো যথা'। ৬। ছ '-শ্চাপ্য-'। ৭। ছ 'নভস্থাশ্চ দিবৌকসঃ'।

চক্রুঃ কিলকিলাশব্দং[1] ববল্গুশ্চ[2] তথাপরে।
দ্রুমশাখা দধুশ্চৈব চিক্ষিপুশ্চ সমন্ততঃ॥ ৪৩॥
অপরে চাপি বিক্রান্তাঃ প্রহর্ষাৎ কাশিতৈর্মুখৈঃ[3]।
দ্রুমানুৎপাট্য সহসা[4] তস্থুর্যুদ্ধাভিকাঙ্ক্ষিণঃ॥ ৪৪॥
বিনদন্তো মহানাদান্[5] ত্রাসয়ন্তো নিশাচরান্।
লঙ্কাদ্বারমুপাজগ্মুর্যোদ্ধুকামাঃ প্লবঙ্গমাঃ[6]॥ ৪৫॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে শরবন্ধমোক্ষণং নাম
ষড়্বিংশঃ সর্গঃ॥ ২৬॥

৪৩। লো-টী। ববল্গুঃ উৎপত্য উৎপত্য জগ্মুঃ।
৪৪। লো-টী। দধুঃ দধ্রুঃ। কাশিতৈঃ প্রকাশিতৈর্মুখৈর্বিশিষ্টাঃ।
৪৫। লো-টী। উপাজগ্মুঃ উপ লক্ষীকৃত্য আজগ্মুঃ।

শরবন্ধমোক্ষণম্॥ ২৬॥

বাজাইতে লাগিল, শঙ্খ বাজাইতে লাগিল এবং আনন্দে স্মিতমুখে পূর্ব্বের ন্যায় ক্রীড়া করিতে লাগিল॥ ৪২॥

কেহ কেহ 'কিল্ কিল্' শব্দ করিতে লাগিল, কেহ লাফাইতে লাগিল, কেহ বৃক্ষশাখা ধারণ করিয়া চতুর্দ্দিকে নিক্ষিপ্ত করিতে লাগিল॥ ৪৩॥

অন্যান্য পরাক্রান্ত বানরগণ হর্ষোৎফুল্লবদনে সহসা বৃক্ষ উৎপাটিত করিয়া যুদ্ধাভিলাষে অবস্থান করিতে লাগিল॥ ৪৪॥

বানরগণ মহাশব্দে গর্জ্জন করিতে করিতে রাক্ষসদিগের ত্রাস উৎপাদন করিয়া যুদ্ধাভিলাষে লঙ্কাদ্বারে উপস্থিত হইল॥ ৪৫॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে শরবন্ধন-মোচননামক
২৬শ সর্গ সমাপ্ত॥ ২৬॥

১। ছ '-শ্চৈব'। ২। ছ 'বল্গন্তশ্চ'। ৩। ছ '-র্ষোৎকর্ষিতৈ-'। ৪। ছ 'শতশঃ'। ৫। ছ '-স্থানস্থা-'। ৬। ছ-পুস্তকে অতঃ পরং 'তেষাং নিনাদস্তুমুলঃ সমন্তাদ্ বভূব শাখামৃগযূথপানাম্। ক্ষয়ে নিদাঘস্য যথা নিশীথে নাদঃ সুভীমো নদতাং ঘনানাম্।' ইত্যধিকম্।

(২৭) সপ্তবিংশঃ সর্গঃ

তেষাং তু তুমুলং শব্দং বানরাণাং তরস্বিনাম্ ।
নদতাং রাক্ষসৈঃ সার্দ্ধমথ শুশ্রাব রাবণঃ ॥ ১ ॥
স্নিগ্ধগম্ভীরনির্ঘোষং শ্রুত্বা তেষাং বনৌকসাম্ ।
সচিবা রাক্ষসেন্দ্রং তমিদং বচনমব্রুবন্ ॥ ২ ॥
যথায়ং সংপ্রহৃষ্টানাং বানরাণাং সমুত্থিতঃ ।
বহূনাং সুমহান্ নাদো মেঘানামিব গর্জতাম্ ॥ ৩ ॥
ব্যক্তং সুমহতী প্রীতিরেতেষাং সমুপস্থিতা ।
যথা[১] হি বিপুলৈর্নাদৈঃ ক্ষোভয়ন্তীব সাগরম্ ॥ ৪ ॥
তৌ চ[২] বদ্ধৌ শরৈস্তীক্ষ্ণৈর্ভ্রাতরৌ রামলক্ষ্মণৌ ।
অয়ঞ্চ সুমহান্[৩] নাদঃ শঙ্কাং জনয়তীব নঃ ॥ ৫ ॥

৪। লো-টী। ব্যক্তং স্পষ্টম্।

৫। লো-টী। 'ব্যথাং জনয়তীব ন' ইতি পাঠঃ ক্বচিৎ। 'শঙ্কিতানি মনাংসি ন' ইতি পাঠে অতঃ শঙ্কিতানি।

অনন্তর রাক্ষসগণের সহিত রাবণ সেই বেগবান্ বানরদের তুমুল গর্জ্জনধ্বনি শুনিতে পাইলেন ॥ ১ ॥

সেই বানরদিগের স্নিগ্ধ-গম্ভীর গর্জ্জনধ্বনি শুনিয়া মন্ত্রীরা রাক্ষসরাজ রাবণকে এই কথা বলিলেন— ॥ ২ ॥

আনন্দিত বহু বানরের মেঘগর্জ্জনের ন্যায় এই যেরূপ কোলাহল শুনা যাইতেছে, তাহাতে স্পষ্টই মনে হয়, ইহাদের অতিশয় আনন্দের হেতু উপস্থিত হইয়াছে। ইহারা বিপুল কোলাহলে যেন সাগরকে বিক্ষুব্ধ করিয়া তুলিতেছে ॥ ৩-৪ ॥

সেই রাম-লক্ষ্মণ ভ্রাতৃদ্বয় তীক্ষ্ণশরে বদ্ধ হইয়া আছে, অথচ ইহাদের এই মহাকোলাহল, ইহা যেন আমাদের শঙ্কা উৎপাদন করিতেছে ॥ ৫ ॥

১। ছ 'তথা'। ২। ছ 'নিবদ্ধৌ'। ৩। ছ 'হর্ষঃ'।

এতৎ তু বচনং শ্রুত্বা মন্ত্রিণাং রাক্ষসাধিপঃ।
উবাচ রাক্ষসাং[১]স্তত্র সমীপপরিবর্ত্তিনঃ ॥ ৬ ॥
জ্ঞায়তাং তূর্ণ[২]মেতেষাং[৩] সাম্প্রতং বনচারিণাম্।
শোককালে সমুৎপন্নে হর্ষকারণমুত্থিতম্ ॥ ৭ ॥
তথোক্তাস্তেন সম্ভ্রান্তাঃ প্রাকারমধিরুহ্য চ[৪]।
দদৃশুঃ পালিতাং সেনাং সুগ্রীবেণ মহাত্মনা ॥ ৮ ॥
তৌ চ মুক্তৌ মহাত্মানৌ রাঘবৌ শরবন্ধনাৎ।
সমুত্থিতৌ ম[৫]হাভাগৌ বিষণ্ণাস্তত্র রাক্ষসাঃ ॥ ৯ ॥
সন্ত্রস্তমনসশ্চৈব প্রাকারাদবরুহ্য চ[৬]।
বি[৭]ষণ্ণবদনা দীনা রাক্ষসেন্দ্রমুপস্থিতাঃ ॥ ১০ ॥

৭। লো-টী। বলং সৈন্যং হর্ষকারণমিত্যপি জ্ঞায়তাম্।

মন্ত্রীদের এই কথা শুনিয়া সাক্ষসরাজ রাবণ সমীপস্থ রাক্ষসদিগকে বলিলেন— ॥ ৬ ॥

"সম্প্রতি বানরগণের এই উপস্থিত শোকের সময়ে আনন্দের কি কারণ সংঘটিত হইল [অনুসন্ধানপূর্ব্বক] অবগত হও" ॥ ৭ ॥

তাঁহার সেই কথায় তাহারা সসম্ভ্রমে প্রাচীরোপরি আরোহণ করিয়া মহাত্মা সুগ্রীব কর্ত্তৃক রক্ষিত সৈন্যদল নিরীক্ষণ করিতে লাগিল ॥ ৮ ॥

[তাহারা দেখিল –] সেই মহাত্মা রাম-লক্ষ্মণ শরবন্ধন হইতে মুক্ত হইয়া উত্থিত হইয়াছেন, তত্রত্য রাক্ষসগণ বিষণ্ণ হইয়াছে ॥ ৯ ॥

[ইহা দেখিয়া] তাহারা সন্ত্রস্তচিত্তে প্রাচীর হইতে অবতরণ করত দীন ও বিষণ্ণবদনে রাবণের নিকট উপস্থিত হইল ॥ ১০ ॥

১। ছ 'রক্ষসাং মধ্যে'। ২। ক 'তূষ্ণী-'। ৩। ছ 'সর্ব্বেষাং' ৪। ছ 'তে'। ৫। ছ 'তদা দৃষ্ট্বা'। ৬। ছ 'তে'। ৭। ছ 'বিবর্ণ-'।

তদপ্রিয়ং দীনমুখা রাবণস্য নিশাচরাঃ।
ন্যবেদয়ন্ যথাতথ্যং সর্ব্বে বাক্যবিশারদাঃ ॥ ১১ ॥
যৌ তাবিন্দ্রজিতা যুদ্ধে[১] ভ্রাতরৌ রামলক্ষ্মণৌ।
সংযতৌ শরবন্ধেন নিষ্প্রাকম্প[২]ভুজৌ কৃতৌ ॥ ১২ ॥
বিমুক্তৌ শরবন্ধাৎ তাবুত্থিতৌ রণ[৩]মূর্দ্ধনি।
পাশানিব গজৌ ছিত্ত্বা গজেন্দ্রসমবিক্রমৌ ॥ ১৩ ॥
তচ্ছ্রুত্বা বচনং তেষাং রাক্ষসেন্দ্রো মহাবলঃ।
চিন্তা[৪]রোষপরীতাত্মা বি[৫]ষণ্ণবদনোঽব্রবীৎ ॥ ১৪ ॥
ঘোরৈর্দত্তবরৈর্বদ্ধৌ শরৈরাশীবিষোপমৈঃ।
অমোঘৈঃ সূর্য্যসঙ্কাশৈঃ প্রমথ্যেন্দ্রজিতা রণে ॥ ১৫ ॥

১২। লো-টী। সংযতৌ বদ্ধৌ।
১৩। লো-টী। গজেন্দ্রসমবিক্রমৌ তাবিতান্বয়ঃ।
১৫। লো-টী। অমোঘৈরব্যর্থৈঃ।

বাক্যবিশারদ রাক্ষসগণ সকলে দীনমুখে রাবণের নিকট সেই অপ্রিয়সমাচার যথাযথভাবে নিবেদন করিল॥ ১১ ॥

"ইন্দ্রজিৎ যুদ্ধে যে রাম-লক্ষ্মণ দুই ভাইকে শরবন্ধনে সংযত করিয়া তাহাদের বাহু নিস্পন্দ করিয়াছিলেন, গজরাজের ন্যায় বিক্রমশালী তাহারা উভয়ে শরবন্ধন হইতে মুক্তিলাভ করিয়া বন্ধনছিন্ন হস্তীর ন্যায় রণক্ষেত্রে বিচরণ করিতেছে" ॥ ১২-১৩ ॥

তাহাদের সেই কথা শুনিয়া মহাবলশালী রাক্ষসরাজ রাবণ চিন্তিত ও ক্রুদ্ধ হইয়া বিষণ্ণবদনে বলিলেন—॥ ১৪ ॥

'ইন্দ্রজিৎ যুদ্ধে তাহাদিগকে পরাভূত করিয়া সূর্য্যের ন্যায় প্রদীপ্ত সর্পতুল্য বরপ্রাপ্ত ভীষণ অব্যর্থ শরজালে বদ্ধ করিয়াছিল॥ ১৫ ॥

১। ছ 'সংখ্যে'। ২। ছ 'নিষ্প্রযত্ন-'। ৩। ছ 'রামলক্ষ্মণৌ'। ৪। ক '-শোক-'। ৫। ছ 'বিবর্ণ-'।

তমস্ত্রবন্ধমাসাদ্য যদি মুক্তৌ[১] রিপূ মম।
সংশয়স্থমিদং[২] সর্ব্বমনুপশ্যামি মে[৩] বলম্ ॥ ১৬ ॥

নিষ্ফলাঃ খলু সংবৃত্তাঃ শরা বাসুকিতেজসঃ।
আদত্তং[৪] যৈস্তু সংগ্রামে রিপূণাং মম জীবিতম্ ॥ ১৭ ॥

এবমুক্ত্বা সুসংরব্ধো[৫] নিঃশ্বসন্ উরগো যথা।
অব্রবীদ্ রক্ষসাং মধ্যে ধূম্রাক্ষং নাম রাক্ষসম্ ॥ ১৮ ॥

বলেন মহতা যুক্তো রক্ষসাং ভীমকর্ম্মণাম্।
ত্বং যুদ্ধায়াভিনির্য্যাহি[৬] রামস্য সবনৌকসঃ ॥ ১৯ ॥

এবমুক্তস্তু ধূম্রাক্ষো রাক্ষসেন্দ্রেণ ধীমতা।
কৃত্বা প্রণামং সংহৃষ্টো নির্জগাম নৃপালয়াৎ ॥ ২০ ॥

১৬। লো-টী। সংশয়স্থং সঙ্কটস্থম্। মে মম বলং সৈন্যম্।

১৭। লো-টী। আদত্তং গৃহীতম্। নাগহ্রদে নাগস্থানে নাগাঃ সর্পাঃ যথা নিষ্ফলাঃ সংবৃত্তাস্তথা।

আমার সেই শত্রুদ্বয় যদি সেই অস্ত্রবন্ধন হইতেও মুক্তিলাভ করিয়া থাকে, তবে আমার এই সমস্ত সৈন্যকেই আমি সংশয়মগ্ন দেখিতেছি ॥ ১৬ ॥

সংগ্রামে যাহারা আমার বহু শত্রুর জীবন হরণ করিয়াছে, সেই বাসুকির মত তেজঃসম্পন্ন শরসমূহ নিষ্ফল হইল !' ॥ ১৭ ॥

এই বলিয়া অতিশয় ক্রুদ্ধ হইয়া সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিতে করিতে রাক্ষসদিগের মধ্যে ধূম্রাক্ষনামক রাক্ষসকে বলিলেন— ॥ ১৮ ॥

"তুমি বহুসংখ্যক ভীমকর্ম্মা রাক্ষসসৈন্যের সহিত বানরপরিবৃত রামের বিরুদ্ধে যুদ্ধার্থে নির্গত হও" ॥ ১৯ ॥

ধীমান্ রাক্ষসরাজ কর্ত্তৃক এইরূপ আদিষ্ট হইয়া ধূম্রাক্ষ প্রণামপূর্ব্বক সানন্দে রাজভবন হইতে নির্গত হইল ॥ ২০ ॥

১। ছ 'যদ্ বিমুক্তৌ'। ২। ছ '-মহং সর্ব্বং হ্যনু-'। ৩। ছ 'বৈ'। ৪। ছ 'বৈনতেয়ং সমাসাদ্য নাগা নাগহ্রদে যথা'। ৫। ছ 'তু'। ৬। ছ 'বধায়া-'।

অভিনিক্রম্য চ দ্বারাদ্বলাধ্যক্ষমুবাচ হ।
ত্বরয়স্ব বলং শীঘ্রং[১] কিং চিরেণ যুযুৎসতঃ ॥ ২১ ॥

ধূম্রাক্ষস্য বচঃ শ্রুত্বা বলাধ্যক্ষো মহাবলঃ।
বলমুদ্‌যোজয়ামাস রাবণস্যাজ্ঞয়া ত্বরন্ ॥ ২২ ॥

তে বদ্ধঘণ্টা বলিনো ঘোররূপা নিশাচরাঃ।
বিনর্দন্তঃ[২] সুসংহৃষ্টা ধূম্রাক্ষং পর্য্যবারয়ন্ ॥ ২৩ ॥

বিবিধায়ুধহস্তাস্তে শূলমুদ্‌গরপাণয়ঃ।
গদাভিঃ পট্টিশৈশ্চৈব[৩] পরিঘৈশ্চ[৪] সমুদ্‌গরৈঃ ॥ ২৪ ॥

মুষলৈর্ভিন্দিপালৈশ্চ ভল্লখড়্গপরশ্বধৈঃ।
নির্যযূ রাক্ষসা দিগ্‌ভ্যো নদন্তো যুদ্ধলালসাঃ ॥ ২৫ ॥

২১। লো-টী। যুযুৎসতো যোদ্ধুমিচ্ছতো মম।

ধূম্রাক্ষ দ্বার হইতে নির্গত হইয়া সৈন্যাধ্যক্ষকে আদেশ করিল—'সমস্ত সৈন্যকে সত্বর হইতে বল, যুযুৎসু ব্যক্তির বিলম্বের প্রয়োজন কি?' ॥ ২১ ॥

মহাবলশালী সৈন্যাধ্যক্ষ ধূম্রাক্ষের কথা শুনিয়া রাবণের আদেশ অনুসারে সৈন্যদিগকে সজ্জিত করিল ॥ ২২ ॥

সেই ভীষণাকৃতি বলবান্ রাক্ষসগণ ঘণ্টাবন্ধন করিয়া হুঙ্কার করিতে করিতে সানন্দে ধূম্রাক্ষের চারিদিকে বেষ্টন করিল ॥ ২৩ ॥

সেই রাক্ষসগণ শূল, মুদ্গর ও নানাবিধ অস্ত্র হস্তে লইয়া এবং গদা, পট্টিশ, পরিঘ, মুদ্গর, মুষল, ভিন্দিপাল, ভল্ল, খড়্গ ও পরশু লইয়া চতুর্দ্দিক্ হইতে হুঙ্কার করিতে করিতে যুদ্ধলালসায় নির্গত হইল ॥ ২৪-২৫ ॥

১। ছ 'সর্ব্বং'। ২। ছ 'নিনদন্তঃ'। ৩। ছ 'পরিঘৈ-'। ৪। ছ 'পট্টিশৈশ্চ'।

রথৈঃ[1] কবচিনশ্চান্যে[2] ধ্বজৈশ্চ সমলঙ্কৃতৈঃ[3]।
সুবর্ণজালসংযুক্তৈঃ খরৈশ্চ বিকৃতাননৈঃ[4] ॥ ২৬ ॥
হয়ৈঃ পরমশীঘ্রৈশ্চ[5] গজেন্দ্রৈশ্চৈব মহোৎকটৈঃ[6]।
নির্যযূ রাক্ষসব্যাঘ্রা ব্যাঘ্রা ইব দুরাসদাঃ ॥ ২৭ ॥
বৃকসিংহমুখৈর্যুক্তং খরৈঃ কাঞ্চনভূষণৈঃ।
আরুরোহ রথং দিব্যং ধূম্রাক্ষঃ খরনিস্বনঃ ॥ ২৮ ॥
স নির্যযৌ মহাতেজা ধূম্রাক্ষো রাক্ষসৈর্বৃতঃ।
প্রহসন্ পশ্চিমং দ্বারং হনূমান্ যত্র বানরঃ ॥ ২৯ ॥

২৬। লো-টী। রথৈঃ কিংভূতৈঃ ? খরৈর্বিশিষ্টৈঃ সুসংনদ্ধৈঃ কবচিভিঃ।

২৭। লো-টী। প্রভিন্নো মত্তঃ করটো গণ্ডো যেষাং তৈর্বিশিষ্টাঃ দুরাসদাঃ সমীপং গন্তুমশক্যাঃ।

২৮। লো-টী। বৃকসিংহস্য বৃকশ্রেষ্ঠস্য মুখমিব মুখং যেষাং তৈঃ। খরনিস্বনঃ তীক্ষ্ণশব্দঃ।

ব্যাঘ্রের ন্যায় দুর্দ্ধর্ষ সেই বীর রাক্ষসগণ কবচ পরিধানপূর্ব্বক সুসজ্জিত ধ্বজযুক্ত ও কাঞ্চনময় গবাক্ষশোভিত রথ, বিকৃতানন গর্দ্দভ, বেগগামী অশ্ব ও মদমত্ত গজারোহণে গমন করিল ॥ ২৬-২৭ ॥

গর্দ্দভের ন্যায় কণ্ঠস্বরসম্পন্ন ধূম্রাক্ষ সিংহ ও ভল্লুকের ন্যায় মুখযুক্ত সুবর্ণালঙ্কৃত বহু গর্দ্দভদ্বারা বাহিত রথে আরোহণ করিল ॥ ২৮ ॥

সেই মহাতেজস্বী ধূম্রাক্ষ রাক্ষসপরিবৃত হইয়া—হনূমান্ যেখানে অবস্থান করিতেছিলেন—সেই পশ্চিম দ্বারে গমন করিল ॥ ২৯ ॥

১। ছ 'রথৈশ্চ'। ২। ছ 'কবচৈ-'। ৩। ছ '-তাঃ'। ৪। ছ 'বিবিধাননৈঃ। ৫। ছ 'সুসন্নদ্ধৈঃ পদাতিভিঃ'। ৬। অতঃ পরং ছ 'প্রভিন্নকরটৈশ্চৈব গজেন্দ্রৈরভ্রসন্নিভৈঃ'। ইত্যধিকম্।

তং প্রযান্তং মহাবীর্য্যং রাক্ষসং ভীমবিক্রমম্ ।

ভীষণানি নিমিত্তানি সমুত্তস্থুঃ পুনঃ পুনঃ ॥ ৩০ ॥

রথশীর্ষে মহাভীমো গৃধ্রো বৈ নিপপাত হ ।

ধ্বজাগ্রে গ্রথিতা[১]শ্চাস্য নিপেতুঃ[২] কৃষ্ণপেচকাঃ ॥ ৩১ ॥

রুধিরার্দ্রো মহান্[৩] শ্বেতঃ কবন্ধো হ্যপতদ্ ভুবি ।

[৪]ভৈরবং চোৎসৃজন্নাদং ধূম্রাক্ষস্য সমীপতঃ ॥ ৩২ ॥

ববর্ষ রুধিরং দেবঃ প্রচচাল চ মেদিনী ।

প্রতিলোমাকুলো বায়ুর্নির্ঘাতসমনিঃস্বনঃ ।

তিমিরৌঘসমাক্রান্তা ন দিশঃ প্রচকাশিরে ॥ ৩৩ ॥

৩০। লো-টী। তং প্রযান্তং তস্মিন্ প্রযাতি সতি। যদ্বা, তং প্রতীতি শেষঃ।

৩১। লো-টী। গ্রথিতা মালাকারাঃ। 'কৃষ্ণপেচিকা' ইতি সর্ব্বত্রপাঠঃ। 'হ্যপতন্ত চ পেচিকা' ইতি ক্বচিৎ।

৩২। লো-টী। বিগৃহ্য অন্যৈঃ সহ বিগ্রহং কৃত্বা। ভৈরবং নাদং যথা ভবতি তথা হ্যপতৎ। 'বিসৃজন্ ভৈরবং নাদ'মিতি বা পাঠঃ।

৩৩। লো-টী। প্রতিলোমঃ প্রতিকূলঃ আকুলো ব্যাকুলশ্চতুর্দ্দিশং ব্যাপ্নুবন্, নির্ঘাতো মেঘং বিনা শব্দঃ।

সেই ভীষণ-পরাক্রমশালী মহাবীর রাক্ষস ধূম্রাক্ষের গমনকালে পুনঃ পুনঃ ভীষণ দুর্লক্ষণসমূহ সংঘটিত হইতে লাগিল ॥ ৩০ ॥

রথের শিরোদেশে মহাভয়ঙ্কর গৃধ্র নিপতিত হইল, কৃষ্ণবর্ণ পেচক ধ্বজের অগ্রভাগে গ্রথিত হইয়া পতিত হইল ॥ ৩১ ॥

ধূম্রাক্ষের সমীপে বিশালকায় রুধিরাক্ত শ্বেত কবন্ধ ভীষণ শব্দ করিতে করিতে ভূতলে পতিত হইল ॥ ৩২ ॥

মেঘ হইতে রক্তবৃষ্টি হইতে লাগিল, ভূকম্প হইতে লাগিল, বজ্রনিনাদে প্রতিকূল বায়ু প্রবাহিত হইতে লাগিল। দিক্‌সমূহ অন্ধকারাচ্ছন্ন হইয়া দৃষ্টির অগোচর হইয়া উঠিল ॥ ৩৩ ॥

১। ছ '-তা বাস্য'। ২। ছ 'হ্যপতন্মেমবেদিকা'। ৩। ছ 'মহাপার্শ্বে'। ৪। ছ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি।

গৃধ্রাঃ কাকাঃ খগাঃ[১] শ্যেনা যে চান্যে রুধিরাশনাঃ।
বিস্বরাঃ সস্বৃজুর্বাণীর্[২] ধূম্রাক্ষস্য সমীপতঃ॥ ৩৪ ॥

উৎপাতাংস্তাদৃশান্ দৃষ্ট্বা রক্ষোগণভয়াবহান্।
প্রাদুর্ভূতান্ মহাঘোরান্ ধূম্রাক্ষো ব্যথিতোঽভবৎ[৩]॥ ৩৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে ধূম্রাক্ষনির্যাণং নাম
সপ্তবিংশঃ সর্গঃ॥ ২৭ ॥

৩৪। লো-টী। বিস্বরা ভীপ্রতিপাদকস্বরাঃ।
[লো-টী]। সমুদ্রকল্পাং সমুদ্রতুল্যাম্।
ধূম্রাক্ষনির্যাণম্॥ ২৭ ॥

গৃধ্র, কাক, শ্যেন ও অন্যান্য রুধিরভোজী পক্ষী ধূম্রাক্ষের সমীপে কর্কশশব্দ করিতে লাগিল॥ ৩৪ ॥

রাক্ষসগণের ভয়াবহ তাদৃশ মহাভয়ঙ্কর উৎপাতসমূহ দর্শন করিয়া ধূম্রাক্ষ ব্যথিত হইল॥ ৩৫ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে ধূম্রাক্ষের যুদ্ধযাত্রানামক
২৭শ সর্গ সমাপ্ত॥ ২৭ ॥

১। ছ '-গাশ্চৈব'। ২। ছ '-র্বাচো ধূ-'। ৩। ছ-অতঃ পরং 'ততঃ স ভীমৈর্বহুভির্নিশাচরৈর্বৃতোঽভিনিক্রম্য রণে সমুৎসুকঃ। দদর্শ তাং রাঘববাহুপালিতাং সমুদ্রকল্পাং বহুবানরীং চমূম্'॥ ইত্যধিকম্।

(২৮) অষ্টাবিংশঃ সর্গঃ

নির্যান্তং প্রেক্ষ্য ধূম্রাক্ষং রাক্ষসং ক্ষতজেক্ষণম্ ।

বিনেদুর্বানরাঃ সর্ব্বে হৃষ্টা যুদ্ধাভিকাঙ্ক্ষিণঃ ॥ ১ ॥

তেষাং তু তুমুলং যুদ্ধং সংজজ্ঞে কপিরক্ষসাম্ ।

অন্যোন্যং মুষলৈর্ঘোরৈর্নিকৃত্তাঃ পেতুরাহবে ॥ ২ ॥

বানরা রাক্ষসৈর্ভীমৈর্মহাকায়ৈর্মহাবলৈঃ ।[১]

রাক্ষসা বানরৈশ্চাপি দ্রুমৈর্ভূমৌ নিপাতিতাঃ ॥ ৩ ॥

রাক্ষসাশ্চাপি সংক্রুদ্ধা বানরান্ নিশিতৈঃ শরৈঃ ।

বিব্যধুর্ঘোররূপাস্তে কঙ্কপত্রৈরজিহ্মগৈঃ ॥ ৪ ॥

২। লো-টী। ঘোরৈর্মুষলৈঃ।
৪। লো-টী। অজিহ্মগৈরকুটিলগতিভিঃ।

রক্তচক্ষুঃ রাক্ষস ধূম্রাক্ষকে বাহির হইতে দেখিয়া যুদ্ধাভিলাষী বানরগণ সকলে সানন্দে কোলাহল করিতে লাগিল ॥ ১ ॥

সেই বানর ও রাক্ষসগণের তুমুল যুদ্ধ সংঘটিত হইল। তাহারা পরস্পরে ভীষণ মুষলদ্বারা কর্ত্তিত হইয়া রণক্ষেত্রে পতিত হইতে লাগিল ॥ ২ ॥

মহাবলশালী মহাকায় ভীষণ রাক্ষসগণ বানরগণকে এবং তাদৃশ বানরগণ রাক্ষসগণকে ভূতলে নিপাতিত করিতে লাগিল ॥ ৩ ॥

ভীষণাকৃতি রাক্ষসগণ ক্রুদ্ধ হইয়া কঙ্কপত্র-সমন্বিত সরলগামী শাণিত শরে বানরগণকে বিদ্ধ করিতে লাগিল ॥ ৪ ॥

১। ছ '-র্ঘোরৈ-'।

তে গদাভিশ্চ ভীমাভিঃ পট্টিশৈঃ সপরশ্বধৈঃ।
সুঘোরৈঃ পরিঘৈশ্চাপি ত্রিশূলৈরসিভিস্তথা ॥ ৫ ॥
বিদার্য্যমাণা রক্ষোভির্বানরাস্তে মহাবলাঃ।
অমর্ষিততরা ভূয়শ্চক্রুঃ কর্ম্মাণ্যভীতবৎ ॥ ৬ ॥
শরনির্ভিন্নগাত্রাস্ত শূলনির্ভিন্নমস্তকাঃ।
জগৃহুস্তে শিলা গুর্বীঃ পাদপাংশ্চ প্লবঙ্গমাঃ ॥ ৭ ॥
তে ভীমবেগা হরয়ো নর্দমানাস্ততস্ততঃ।
মমন্থুস্তানি রক্ষাংসি হর্ষয়ন্তঃ স্ববাহিনীম্ ॥ ৮ ॥
পুনঃ সুতুমুলস্তেষাং সংগ্রামঃ সমপদ্যত।
শিলাভির্বিপুলাভিশ্চ বহুশাখৈশ্চ পাদপৈঃ ॥ ৯ ॥

৮। লো-টী। নর্দমানাঃ গর্জন্তঃ।

রাক্ষসগণ ভীষণ গদা, পট্টিশ, পরশু, সুভীষণ পরিঘ এবং ত্রিশূল ও খড়্গা-দ্বারা তাহাদিগকে বিদারিত করিতে লাগিল। সেই মহাবলশালী বানরগণ অতিশয় ক্রুদ্ধ হইয়া পুনরায় নির্ভীকের ন্যায় আচরণ করিতে লাগিল ॥ ৫-৬ ॥

সেই বাণরগণের গাত্র শরপ্রহারে ক্ষতবিক্ষত হইল এবং শূলাঘাতে মস্তক বিদারিত হইল, তাহারা তখন বৃহৎ বৃহৎ শিলা ও বৃক্ষ গ্রহণ করিল ॥ ৭ ॥

ভীষণ-বেগশালী সেই বানরগণ গর্জ্জন করিতে করিতে স্বীয় সৈন্যের আনন্দ সঞ্চার করিয়া চারিদিকে সেই রাক্ষসদিগকে মথিত করিতে লাগিল ॥ ৮ ॥

বৃহৎ বৃহৎ শিলা ও বহু-শাখাসমন্বিত বৃক্ষদ্বারা পুনরায় তাহাদের তুমুল সংগ্রাম আরম্ভ হইল ॥ ৯ ॥

১। ছ 'ঘোরাভিঃ'। ২। ছ '-শৈশ্চ পর-'। ৩। ছ '-ভীরুবৎ'। ৪। ছ 'শরৈর্ব্বিভি-'। ৫। 'শিলাশ্চৈব'। ৬। ছ '-স্তেষু'।

শিলাপ্রহারৈর্নিহতা[১] বানরৈর্জিতকাশিভিঃ।
বমন্তো রুধিরং কেচিৎ পেতুঃ ক্ষতজভোজনাঃ ॥ ১০ ॥
পার্শ্বে বিদারিতাঃ কেচিৎ কেচিচ্চূর্ণীকৃতা দ্রুমৈঃ।
শিলাভিশ্চূর্ণিতাঃ কেচিৎ কেচিদ্দন্তৈর্বিদারিতাঃ ॥ ১১ ॥
ধ্বজৈর্বিমথিতৈর্ভগ্নৈঃ খড়্গৈশ্চ বিনিপাতিতৈঃ।
রথৈর্বিধ্বংসিতৈঃ কেচিন্মথিতা[২] রজনীচরাঃ ॥ ১২ ॥
বিধ্বস্তৈঃ সহ বিধ্বস্তা অন্যৈরন্যে[৩] মহীতলে।
গজেন্দ্রৈঃ পর্ব্বতাকারৈ রথৈরন্যে নিপাতিতাঃ ॥ ১৩ ॥
মথিতা বাজিভিশ্চান্যে সারোহা বসুধাতলে।
বানরৈর্ভীমবিক্রান্তৈরাপ্লুত্যাপ্লুত্য[৪] জঘ্নিরে ॥ ১৪ ॥

১০। লো-টী। ক্ষতজভোজনাঃ রক্তভোজনাঃ।

১২। লো-টী। ধ্বজৈর্বিমথিতৈঃ খণ্ডখণ্ডভূতৈঃ ভগ্নৈশ্চ রজনীচরা মথিতা হতাঃ। তাংস্তান্ গৃহীত্বা তৈরেব করণৈর্হতা ইত্যর্থঃ। খড়্গৈর্দ্দন্তৈঃ 'খড়্গৈ'রিতি বা পাঠঃ। রথৈর্বিধ্বংসিতৈ রথাবয়বৈরিত্যর্থঃ।

১৪। লো-টী। সারোহাঃ অশ্বারোহসহিতাঃ।

জয়োৎফুল্ল বানরগণের শিলাপ্রহারে নিহত হইয়া কোন কোন রুধিরাশী (রাক্ষস) রক্ত বমন করিতে করিতে নিপতিত হইল ॥ ১০ ॥

কাহারও পার্শ্বদেশ বিদারিত হইল, কেহ কেহ বৃক্ষাঘাতে এবং কেহ কেহ শিলাপ্রহারে চূর্ণবিচূর্ণ হইল এবং কেহ কেহ দন্তদ্বারা বিদারিত হইল ॥ ১১ ॥

ধ্বজদণ্ড ভগ্ন ও বিমর্দ্দিত হইল, খড়্গ নিপতিত হইল, রথ বিধ্বংসিত হইল, এইরূপে কোন কোন রাক্ষস নির্য্যাতিত হইল ॥ ১২ ॥

কেহ কেহ বিধ্বংসিত রথ ও পর্ব্বতপ্রমাণ হস্তীর সহিত ভূতলে নিপাতিত এবং নিষ্পেষিত হইল ॥ ১৩ ॥

ভীষণ-পরাক্রমশালী বানরগণ লাফাইয়া লাফাইয়া কোন কোন অশ্বারোহীকে অশ্বের সহিত ভূতলে পাতিত করিয়া নিহত করিল ॥ ১৪ ॥

১। '-রাভিহতা'। ২। ছ '-চিৎ পাতিতা'। ৩। ছ 'অশ্বৈ-'। ৪। ছ 'আপ্লুত্য বানরাশ্চান্যে বানরৈরেব জঘ্নিরে'।

রাক্ষসাঃ করজৈস্তীক্ষ্ণৈর্মুখেষু[১] চ বিকর্ষিতাঃ।
বিরূপবদনা ভূয়ো বিপ্রকীর্ণশিরোরুহাঃ।
মত্তাঃ শোণিতগন্ধেন নিপেতুর্ধরণীতলে ॥ ১৫ ॥

অন্যে তু পরমক্রুদ্ধা রাক্ষসা ভীমবিক্রমাঃ।
অভ্যঘ্নংশ্চ তলৈরেব বজ্রস্পর্শসমৈর্হরীন্ ॥ ১৬ ॥

বানরৈরাপতন্তশ্চ[২] রাক্ষসা বেগবত্তরৈঃ।
মুষ্টিভিশ্চরণৈশ্চৈব পোথিতাঃ[৩] সমরে দ্রুতম্ ॥ ১৭ ॥

বানরৈর্হন্যমানাস্তু[৪] রাক্ষসা ভয়কাতরাঃ।
দিশোঽগমন্ যথা[৫] বিদ্ধা মৃগাঃ কোকৈরিবার্দ্দিতাঃ ॥ ১৮ ॥

১৫। লো-টী। করজৈর্নখৈর্বিকর্ষিতাঃ ক্ষতাঃ কৃতাঃ। 'মুখেষু বিকর্ত্তিতা' ইতি পাঠে স এবার্থঃ। বিপ্রকীর্ণশিরোরুহা ইতস্ততঃ ক্ষিপ্তকেশাঃ।

১৬। লো-টী। তলৈশ্চপেটৈঃ।

১৮। লো-টী। যথা যথাবৎ, হন্যমানাঃ কেন চ, বিদ্ধাস্তাড়িতাঃ, কোকৈর্ব্যাঘ্রৈঃ।

বানরগণ তীক্ষ্ণ নখদ্বারা রাক্ষসদের মুখে আঁচড়াইয়া দিল, তাহারা রক্তগন্ধে উন্মত্ত হইয়া বিকৃত বদন ও এলোমেলো কেশ লইয়া ভূতলে পতিত হইল ॥ ১৫ ॥

ভীষণ-বিক্রমশালী কোন কোন রাক্ষস অতিশয় ক্রুদ্ধ হইয়া বজ্রের ন্যায় কঠোর-স্পর্শ-বিশিষ্ট করতলদ্বারা বানরদিগকে আঘাত করিল ॥ ১৬ ॥

সমধিক বেগবান্ বানরগণও সংগ্রামে সম্মুখাগত রাক্ষসদিগকে মুষ্টি ও পদাঘাতে দ্রুত নিহত করিল ॥ ১৭ ॥

বানরগণের প্রহারে ভয়-সন্ত্রস্ত রাক্ষসগণ ব্যাঘ্রাক্রান্ত বিতাড়িত মৃগ-যূথের ন্যায় চারিদিকে ধাবিত হইতে লাগিল ॥ ১৮ ॥

১। ছ 'বিনিকর্ত্তিতাঃ'। ২। ছ '-তস্তস্তু'। ৩। ছ 'পাদৈশ্চ বিপোথিতাঃ'। ৪। ছ '-নাশ্চ'। ৫। ছ 'যথা বুদ্ধ্যা'।

সৈন্যং তু বিদ্রুতং দৃষ্ট্বা ধূম্রাক্ষো রাক্ষসর্ষভঃ।
ক্রোধেন কদনং চক্রে বানরাণাং যুযুৎসতাম্ ॥ ১৯ ॥

প্রাসৈঃ প্রমথিতাঃ কেচিদ্ধূম্রাক্ষেণ প্লবঙ্গমাঃ।
মুদ্গরৈরাহতাঃ কেচিৎ পতিতা ধরণীতলে ॥ ২০ ॥

পরিঘৈর্নিহতাঃ[১] কেচিদ্ভিন্দিপালৈর্বিদারিতাঃ।
পট্টিশৈর্নিহতাঃ[২] কেচিৎ কেচিচ্চ[৩] বিদলীকৃতাঃ ॥ ২১ ॥

কেচিৎ তু নিহতা ভূমৌ রুধিরার্দ্রা বনৌকসঃ।
কেচিদ্ বিদ্রাবিতা নষ্টাঃ সংক্রুদ্ধৈ রাক্ষসৈর্যুধি ॥ ২২ ॥

বিভিন্নহৃদয়াঃ[৪] কেচিৎ[৫] কেচিৎ পার্শ্বে বিদারিতাঃ।
বিদারিতাস্ত্রিশূলৈশ্চ কেচিদ্দংষ্ট্রাভিকর্ষিতাঃ ॥ ২৩ ॥

১৯। লো-টী। কদনং বধম্।
২০। লো-টী। প্রমথিতাঃ কাণীকৃতাঃ।
২১। লো-টী। বিদলীকৃতাঃ বিবিধপ্রকারেণ খণ্ডখণ্ডীকৃতাঃ। 'দলমুৎসেধখণ্ডয়ো'রিতি কোষঃ।
২২। লো-টী। বিদ্রুতাঃ স্বয়মেব নষ্টা অদর্শনঙ্গতাঃ।
২৩। লো-টী। দংষ্ট্রাভিরভিকর্ষিতাঃ ক্ষতীকৃতাঃ।

সৈন্যদিগকে পলায়ন করিতে দেখিয়া রাক্ষসশ্রেষ্ঠ ধূম্রাক্ষ ক্রোধে যুদ্ধোৎসুক বানরগণকে সংহার করিতে লাগিল ॥ ১৯ ॥

কোন কোন বানর ধূম্রাক্ষের প্রাসাস্ত্রে প্রমথিত হইল এবং কেহ কেহ মুদ্গর দ্বারা আহত হইয়া ভূতলে পতিত হইল ॥ ২০ ॥

কেহ কেহ পরিঘ-দ্বারা নিহত হইল, কেহ কেহ ভিন্দিপাল-দ্বারা বিদারিত হইল, কেহ কেহ পট্টিশ-দ্বারা নিহত হইল এবং কেহ কেহ বিদলিত হইল ॥ ২১ ॥

ক্রুদ্ধ রাক্ষসগণ কর্তৃক নিহত হইয়া কোন কোন বানর রক্তাক্ত-কলেবরে ভূতলে পতিত হইল, কেহ কেহ পলায়ন করিয়া দৃষ্টিবহির্ভূত হইল ॥ ২২ ॥

কেহ কেহ দন্তাঘাতে ও ত্রিশূলদ্বারা বিদারিত হইল, কাহারও হৃদয় এবং কাহারও পার্শ্বদেশ বিদারিত হইল ॥ ২৩ ॥

১। ছ '-র্নিপাতিতাঃ'। ২। ছ '-রাহতাঃ'। ৩। ছ 'নিহতা'। ৪। ছ 'নির্ভি-'। ৫। ছ '-দেকে পার্শ্বেষু দারিতাঃ'।

তৎ সুভীমং মহদ্[১] যুদ্ধং হরিরাক্ষসসঙ্কুলম্ ।
প্রচণ্ডং[২] শস্ত্রবহুলং শিলাপাদপসঙ্কুলম্ ।
বিভক্তং ব্যাকুলং[৩] চৈব প্রচ্ছন্নঞ্চ বভূব হ ॥ ২৪ ॥
ধনুর্জ্যাতন্ত্রি[৪]বহুলং হিক্কা[৫]তালসমন্বিতম্ ।
মন্দ[৬]স্তনিতগীতাঢ্যং যুদ্ধং গান্ধর্ব্বমাবভৌ ॥ ২৫ ॥
ধূম্রাক্ষস্তু ধনুষ্পাণির্বানরান্ রণমূর্দ্ধনি ।
হসন্ বিদ্রাবয়ামাস দিশঃ সায়কবৃষ্টিভিঃ ॥ ২৬ ॥
ধূম্রাক্ষেণার্দ্দিতং সৈন্যং ততঃ সংপ্রেক্ষ্য মারুতিঃ ।
অভ্যবর্ত্তত সংক্রুদ্ধঃ প্রগৃহ্য মহতীং শিলাম্ ॥ ২৭ ॥

২৪। লো-টী। বিভক্তং বিভাগেন স্বীয়স্বীয়ভাগেনাবস্থিতমিত্যর্থঃ। ব্যাকুলং ক্বচিৎ সঙ্কুলং ক্বচিচ্চ প্রচ্ছন্নং স্বন্ধীভূয়ন্যায়তৎকৃতম্ (?) ।

২৫। লো-টী। তৎ যুদ্ধং গান্ধর্ব্বং গান্ধর্ব্বমিব আবভৌ। তত্র সাম্যমাহ—ধনুর্জ্যা তন্ত্রী বীণাগুণো যস্য তৎ মধুরং যোধানাং মনোরমং হিক্কা মরণসময়ে কণ্ঠবদ্ধাবচ্ছিন্নঃ শব্দঃ, সৈব তালঃ তেন সম্মিতং পতিতানাং যোধানাং (ন) মন্দস্তনিতমেব গীতং তদাঢ্যম্ ।

রাক্ষস ও বানরগণের সেই অতিভয়ানক মহাযুদ্ধ প্রচণ্ডশস্ত্রবহুল, শিলাপাদপসঙ্কুল, বিভক্ত, ব্যাকুল এবং প্রচ্ছন্ন হইয়া উঠিল (?) ॥ ২৪ ॥

ধনুকের জ্যারূপ বহু-বীণাসমন্বিত হিক্কারূপ তালযুক্ত মন্দ মন্দ আর্ত্তনাদরূপ সঙ্গীতযুক্ত সেই যুদ্ধস্থল গন্ধর্ব্ব-সভার সাদৃশ্য প্রাপ্ত হইল ॥ ২৫ ॥

ধূম্রাক্ষ হাসিতে হাসিতে ধনুক হস্তে লইয়া শরবৃষ্টিদ্বারা সম্মুখসমরে বানরদিগকে বিদ্রাবিত করিতে লাগিল ॥ ২৬ ॥

তারপর হনুমান্ সৈন্যদিগকে ধূম্রাক্ষকর্ত্তৃক লাঞ্ছিত হইতে দেখিয়া ক্রুদ্ধ হইয়া বিশাল শিলা গ্রহণপূর্ব্বক অগ্রসর হইলেন ॥ ২৭ ॥

১। ছ 'মহাযু-'। ২। ছ 'প্রবভৌ'। ৩। ছ 'সকুল-'। ৪। ছ '-মধুরং'। ৫। ছ 'জিহ্বান্তা-'। ৬। ছ 'মন্দ্র-'।

ক্রোধাদ্দ্বিগুণরক্তাক্ষঃ[১] পিতুস্তুল্যপরাক্রমঃ।
শিলাং তাং পাতয়ামাস ধূম্রাক্ষস্য রথোপরি ॥ ২৮ ॥

আপতন্তীং শিলাং দৃষ্ট্বা গদামুদ্যম্য সংভ্রমাৎ।
রথাদাপ্লুত্য বেগেন বসুধায়াং ব্যবস্থিতঃ ॥ ২৯ ॥

সা প্রমৃদ্য[২] রথং তস্য নিপপাত শিলা ভুবি।
সচক্রকূবররথং[৩] সধ্বজং সশরাসনম্ ॥ ৩০ ॥

ভিত্ত্বা তু স রথং তস্য হনূমান্ মারুতাত্মজঃ।
রক্ষসাং কদনং চক্রে সস্কন্ধবিটপৈর্দ্রুমৈঃ ॥ ৩১ ॥

২৮। লো-টী। পিতুর্বায়োঃ। রথোত্তমে 'রথোপরি' ইতি বা পাঠঃ।

২৯। লো-টী। সংভ্রমাৎ ভয়াৎ।

৩০। লো-টী। চক্রেণ কূবরেণ যুগন্ধরেণ রথেন অঙ্গেন রথান্তরেণ সমানং 'সচক্রকূবরধুর'-মিতি পাঠে ধুর্যানমুখম্, অশ্বা ইত্যর্থঃ। 'ধূঃ স্ত্রীক্লীবে যানমুখ'মিত্যমরঃ।

৩১। লো-টী। স্কন্ধঃ প্রকাণ্ডঃ, ভগ্নাঃ পলায়িতাঃ, সমভিদ্রবৎ অড়াগমাভাব আর্ষঃ। 'অভিদ্রুবে' ইতি কচিৎ পাঠঃ।

পিতৃতুল্য পরাক্রমশালী হনুমানের চক্ষুঃ ক্রোধে দ্বিগুণ রক্তবর্ণ হইল, তিনি সেই শিলাটী ধূম্রাক্ষের রথের উপরে নিক্ষেপ করিলেন ॥ ২৮ ॥

ধূম্রাক্ষ শিলা পতিত হইতেছে দেখিয়া তাড়াতাড়ি গদাটী লইয়া রথ হইতে বেগে লাফাইয়া পড়িয়া ভূতলে অবস্থান করিতে লগিল ॥ ২৯ ॥

সেই শিলা চক্র, কূবর (যুগদণ্ড স্থাপনের স্থান), যুগদণ্ড এবং ধ্বজ ও ধনুর সহিত তাহার রথকে বিচূর্ণিত করিয়া ভূতলে পতিত হইল ॥ ৩০ ॥

সেই পবননন্দন হনুমান্ তাহার রথ বিদারিত করিয়া স্কন্ধ ও শাখাসমন্বিত বৃক্ষদ্বারা রাক্ষসদিগের সংহার করিতে লাগিলেন ॥ ৩১ ॥

১। '-তাম্রাক্ষঃ'। ২। ছ 'প্রমথ্য'। ৩। ছ '-যুগং'।

প্রভিন্নশিরসো ভগ্না রাক্ষসা রুধিরোক্ষিতাঃ।

দ্রুমৈঃ প্রমথিতাস্তেন নিপেতুর্ধরণীতলে ॥ ৩২ ॥

বিদ্রাব্য রাক্ষসানীকং হনূমান্ মারুতাত্মজঃ।

গিরেঃ শিখরমাদায় ধূম্রাক্ষং সমভিদ্রবৎ ॥ ৩৩ ॥

তমাপতন্তং ধূম্রাক্ষো গদামুদ্যম্য সম্ভ্রমাৎ।

বিনর্দমানং[1] সংগ্রামে হনূমন্তমুপাদ্রবৎ ॥ ৩৪ ॥

তস্য ক্রুদ্ধস্য বেগেন গদাং তাং বহুঘণ্টিকাম্[2]।

পাতয়ামাস ধূম্রাক্ষঃ স্তনদেশে হনূমতঃ ॥ ৩৫ ॥

তাড়িতঃ স তয়া তেন গদয়া ঘোররূপয়া।

স্তনদেশে মহাবীর্য্যো মারুতির্নৈব বিব্যথে ॥ ৩৬ ॥

৩৪। লো-টী। সম্ভ্রমাৎ সংবেগাৎ আপতন্তম্। 'সংভ্রমো ভয়সংবেগাদরেম্বথ চ নিক্রমে' ইতি ভূরি°।

হনুমান্ বৃক্ষাঘাতে রাক্ষসদিগকে প্রমথিত করিলেন, তাহাদের মস্তক বিদারিত হইল, তাহারা ছিন্নভিন্ন হইয়া রক্তাক্তদেহে ভূতলে পতিত হইল ॥ ৩২ ॥

পবননন্দন হনুমান্ রাক্ষসসৈন্যকে বিদ্রাবিত করিয়া পর্ব্বতশিখর লইয়া ধূম্রাক্ষের দিকে ধাবিত হইলেন ॥ ৩৩ ॥

ধূম্রাক্ষও তাড়াতাড়ি গদা উত্তোলন করিয়া সংগ্রামে গর্জ্জনকারী অভিমুখাগত সেই হনুমানের সম্মুখীন হইল ॥ ৩৪ ॥

ধূম্রাক্ষ সেই ক্রুদ্ধ হনুমানের স্তনদেশে সেই বহুঘণ্টাসমন্বিত গদাদ্বারা বেগে আঘাত করিল ॥ ৩৫ ॥

তাহার সেই ভীষণাকৃতি গদাদ্বারা স্তনদেশে প্রহৃত হইয়াও পবননন্দন হনুমান্ ব্যথিত হইলেন না ॥ ৩৬ ॥

১। ছ '-নঃ'। ২। ক 'বহুকণ্টকাম্'।

[১]কপিঃ স মারুতবলস্তং প্রহারমচিন্তয়ন্ ।
ধূম্রাক্ষস্য শিরোমধ্যে গিরিশৃঙ্গমপাতয়ৎ ॥ ৩৭ ॥
স বিহ্বলিতসর্ব্বাঙ্গো গিরিশৃঙ্গেণ পোথিতঃ ।
পপাত সহসা ভূমৌ[২] বিকীর্ণ ইব পর্ব্বতঃ ॥ ৩৮ ॥
ধূম্রাক্ষং নিহতং দৃষ্ট্বা হতশেষা নিশাচরাঃ ।
ত্রস্তাঃ প্রবিবিশুর্লঙ্কাং বধ্যমানাঃ প্লবঙ্গমৈঃ ॥ ৩৯ ॥
[৩]স ভগ্নজানুর্মথিতোরুবক্ষাঃ সুবিহ্বলো রক্তবিলোহিতাক্ষঃ ।
অবাক্শিরা রক্তমথো[৪]দ্বমংস্তু পপাত ভূমাবথ নষ্টচেতাঃ[৫] ॥ ৪০ ॥

৩৮। লো-টী। বিকীর্ণঃ বিচ্ছিন্নঃ।

৩৯। লো-টী। হতশেষা হতানামবশিষ্টাঃ।

৪০। লো-টী। মথিতানি (?)-থীকৃতানি ঊরূ বক্ষশ্চ যস্য সঃ। রক্তেন বিশেষেণ লোহিতে অক্ষিণী যস্য সঃ।

বায়ুতুল্য বলশালী হনুমান্ সেই প্রহারের বিষয় চিন্তা না করিয়াই ধূম্রাক্ষের মস্তকোপরি পর্ব্বতশৃঙ্গ নিক্ষেপ করিলেন ॥ ৩৭ ॥

ধূম্রাক্ষের সর্ব্বাঙ্গ বিকল হইল, সে সেই পর্ব্বতশৃঙ্গদ্বারা নিহত হইয়া সহসা বিশীর্ণ পর্ব্বতের ন্যায় ভূতলে পতিত হইল ॥ ৩৮ ॥

ধূম্রাক্ষকে নিহত দেখিয়া হতাবশিষ্ট রাক্ষসগণ বানরগণ কর্ত্তৃক বিতাড়িত হইয়া ভয়ে লঙ্কামধ্যে প্রবেশ করিল ॥ ৩৯ ॥

ধূম্রাক্ষ অত্যন্ত বিহ্বল হইয়া পড়িল, তাহার জানু ভগ্ন হইল, ঊরূ ও বক্ষঃস্থল বিদলিত হইল, চক্ষু রক্তাক্ত হইল, সে অবনতমস্তকে রক্ত বমন করিতে করিতে সংজ্ঞাহীন হইয়া ভূতলে পতিত হইল ॥ ৪০ ॥

১। ছ 'স কপির্ম্মা-'। ২। ছ 'যথা বজ্রেণ'। ৩। ছ '-সক্থি-'। ৪। ছ '-দ্গিরন্ মুখাৎ'। ৫। ছ '-চেতনঃ'।

বিনিহতরজনীচরাং নিশম্য ক্ষতজনিরন্তরকর্দ্দমাং মহীং তাম্।
রিপুবধজনিতশ্রমঃ প্রহৃষ্টঃ পবনসুতঃ[১] স সুহৃদ্ভিরাবৃতশ্চ ॥ ৪১ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে ধূম্রাক্ষবধো নাম
অষ্টাবিংশঃ সর্গঃ ॥ ২৮ ॥

৪১। লো-টী। ক্ষতজং রক্তং নিরন্তরং নিশ্ছিদ্রং কর্দ্দমো যস্যাং তাং নিশম্য শ্রুত্বা হরিভিঃ সভাজ্যমানঃ পবনসুতঃ প্রহৃষ্টঃ রিপুবধজনিতশ্রমো হনুমান্ শ্রমসহত্বাদিতি কশ্চিৎ।

ধূম্রাক্ষবধঃ ॥ ২৮ ॥

রাক্ষসগণ নিহত হইয়াছে, রণক্ষেত্র রুধিরধারায় কর্দ্দমাক্ত হইয়াছে, ইহা শুনিয়া শত্রুবধ-পরিশ্রান্ত পবননন্দন হনুমান্ আনন্দিত হইলেন, বন্ধুগণ তাঁহাকে ঘিরিয়া উপবেশন করিল ॥ ৪১ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে ধূম্রাক্ষবধ-নামক
২৮শ সর্গ সমাপ্ত ॥ ২৮ ॥

১। ছ '-তো হরিভিঃ সভাজ্যমানঃ'।

(২৯) একোনত্রিংশঃ সর্গঃ

ধূম্রাক্ষং নিহতং শ্রুত্বা রাবণঃ ক্রোধমূর্চ্ছিতঃ।

বলাধ্যক্ষমুবাচেদং কৃতাঞ্জলিমুপস্থিতম্ ॥ ১ ॥

শীঘ্রং নির্যান্তু দুর্ধর্ষা রাক্ষসা ঘোরদর্শনাঃ।

অকম্পনং পুরস্কৃত্য সর্ব্বে যুদ্ধবিশারদাঃ ॥ ২ ॥

এষ শাস্তা চ গোপ্তা চ যুধি[১] বুদ্ধিমতাং বরঃ।

ভূতিকামশ্চ মে নিত্যং নিত্যং চ সমরপ্রিয়ঃ ॥ ৩ ॥

ন[২] চ কম্পয়িতুং শক্যঃ সেন্দ্রৈরপি সুরাসুরৈঃ।

অকম্প্যোঽকম্পনঃ শ্রীমানাদিত্য ইব তেজসা ॥ ৪ ॥

১। লো-টী। ক্রোধমূর্চ্ছিতঃ জ্ঞানশূন্যঃ।

৩। লো-টী। 'যুধি বুদ্ধিমতাং বর' ইতি ক্বচিৎ পাঠঃ। ক্বচিচ্চ 'যেনাহং যুধি তোষিত' ইতি। ভূতিকামশ্চ মে মমৈশ্বর্য্যকামঃ।

৪। লো-টী। সেন্দ্রৈরর্ন শক্তঃ অতোঽকম্পনোঽকম্প্যঃ। ক্বচিচ্চ অকম্প্য ইত্যর্দ্ধপদ্যে 'সর্ব্বভূতপ্রকম্পার্থং যঃ করোতি সদা রণমি'তি পাঠঃ।

ধূম্রাক্ষ নিহত হইয়াছে শুনিয়া রাবণ ক্রোধে হতবুদ্ধি হইলেন এবং কৃতাঞ্জলিপুটে সমীপে অবস্থিত সেনাপতিকে এই কথা বলিলেন ॥ ১ ॥

"যুদ্ধ-বিশারদ ভীষণকায় দুর্দ্ধর্ষ রাক্ষসগণ সকলেই অকম্পনকে অগ্রবর্ত্তী করিয়া সত্বর যাত্রা করুক ॥ ২ ॥

অকম্পন বুদ্ধিমান্‌দিগের মধ্যে শ্রেষ্ঠ, যুদ্ধে শাসন ও সংরক্ষণসমর্থ এবং প্রতিনিয়ত আমার উন্নতিকামী ও সতত যুদ্ধপ্রিয় ॥ ৩ ॥

আদিত্যের ন্যায় তেজস্বী অকম্পনীয় শ্রীমান্ অকম্পনকে ইন্দ্রের সহিত সমস্ত দেবতা ও অসুরগণও কম্পিত বা বিচলিত করিতে অসমর্থ ॥ ৪ ॥

১। ছ 'বলবান্ যুধি বুদ্ধিমান্'। ২। ছ 'নায়ং'।

এষ জেষ্যতি কাকুৎস্থৌ সুগ্রীবঞ্চ মহাবলম্[১]।
বানরাংশ্চাপরান্ ঘোরান্ বিধমিষ্যতি[২] রাক্ষসঃ ॥ ৫ ॥
প্রতিগৃহ্য[৩] চ[৩] তামাজ্ঞাং রাবণস্য মহাবলঃ।
বলং সংত্বরয়ামাস তদা লঘুপরাক্রমঃ ॥ ৬ ॥
ততো নানাপ্রহরণা ভীমাক্ষা ভীমদর্শনাঃ।
নির্যযু[৪] রাক্ষসা মুখ্যা বলাধ্যক্ষপ্রচোদিতাঃ ॥ ৭ ॥
রথমাস্থায় তু শ্রীমাংস্তপ্তকাঞ্চনকুণ্ডলঃ[৫]।
অকম্পনো[৬] বৃতো ভীমৈ রাক্ষসৈরভিনির্যযৌ ॥ ৮ ॥

৬। লো-টী। সত্বরয়ামাস সত্বরং ত্বরাযুক্তং চকার। অলঘুর্মহান্ পরাক্রমো যস্য সঃ।

৭। লো-টী। ভীমদর্শনাঃ দর্শনেন ভীতিপ্রদাঃ। সোঽকম্পনো রথমাস্থায় নির্যযাবিতি দ্বয়েনান্বয়ঃ।

[লো-টী।] সবলৈর্বলেন সহ বর্ত্তমানৈঃ সদশ্বৈঃ জালং সমূহঃ। সবলানুগঃ সমানং বলং সৈন্যম্ অনুগমনুবর্ত্তমানং যস্য সঃ। যদ্বা, সবলো বলবান্ অনুগোঽনুবর্ত্তী যস্য সঃ। 'নির্যযাববিকম্পন' ইতি পাঠে কস্মাদপি নাকম্পত ইতি তথা। নির্যায়মাণস্য নির্গতঃ নির্গচ্ছত

এই রাক্ষসই রাম-লক্ষ্মণ ও মহাবলশালী সুগ্রীবকে পরাভূত করিবে এবং অন্যান্য ভীষণ বানরকে নিহত করিবে" ॥ ৫ ॥

তখন ক্ষিপ্রগতি মহাবীর সেনাপতি রাবণের সেই আদেশ গ্রহণ করিয়া সৈন্যদিগকে ত্বরান্বিত করিতে লাগিল ॥ ৬ ॥

তারপর সেনাপতির আদেশে ভীষণকায় বিকটনেত্র বড় বড় রাক্ষসগণ নানা অস্ত্র ধারণপূর্ব্বক নির্গত হইল ॥ ৭ ॥

উজ্জ্বল-সুবর্ণকুণ্ডলধারী শ্রীমান্ অকম্পন ভীষণ-রাক্ষসবৃন্দপরিবৃত হইয়া রথারোহণে বহির্গত হইল ॥ ৮ ॥

১। ছ '-কপিম্'। ২। ছ 'বধিষ্যতি স রা-'। ৩। ছ 'পরি-' ; ক 'স'। ৪। ছ 'নিষ্পেতু-'। ৫। ছ '-ভূষণঃ'।
৬। অষ্টমশ্লোকস্য পরার্দ্ধমারভ্য নবমশ্লোকান্তস্থানে ছ-পুস্তকে 'সদশ্বৈঃ সবলৈর্যুক্তং হেমজালবিভূষিতম্। রাক্ষসৈঃ সংবৃতো ভীমৈস্তপ্তকাঞ্চনকুণ্ডলৈঃ। স খড়্গী কবচী বাণী নির্যযৌ সবলানুগঃ। অকম্পনস্তদা শ্রীমানাদিত্য ইব তেজসা। তস্য নির্ব্বাধমানস্য সক্রোধস্য যুযুৎসয়া। অকস্মাৎ সৈন্যমাগচ্ছৎ প্রয়াণে রথবাজিনাম্। অকস্মাদ্দারুণো গৃধ্রো ধ্বজাগ্রে সমনীয়ত। উভৌ চ চরণৌ তস্য সব্যো বাহুস্তথৈব চ। অকম্পত মুহুঃ সস্তস্মিন্ কালে তু রক্ষসঃ' ॥ ইতি পাঠঃ।

তস্য নির্ধাবতস্তূর্ণমকস্মাদ্রথবাজিনঃ।
জঘনৈঃ সহসা পেতুর্ভয়বিক্লবচেতসঃ ॥ ৯ ॥
[১]আস্পন্দতেক্ষণং চাস্য বাহুশ্চৈবাপ্যদক্ষিণঃ।
[২]বিভিদে মুখবর্ণশ্চ গদ্‌গদশ্চা[৩]ভবৎ স্বরঃ ॥ ১০ ॥

আকুলং গগনং চাসীদ্ দুর্দিনং রূক্ষমারুতম্।
উচ্চুক্রুশুর্মৃগাশ্চৈব বাচঃ ক্রূরা ভয়াবহাঃ[৪] ॥ ১১ ॥

ইত্যর্থঃ। নির্ঘাতনামাত্রস্যেতি বা পাঠঃ। প্রয়াণে প্রয়াণকালে, দৈন্যং ভীতিঃ। তস্য উভৌ চরণৌ তস্য সব্যো বাহুশ্চ ইতি ন পুনরুক্তিঃ। সব্যো বাহুস্তথোত্তরঃ অকম্পত মুহুঃ সত্ত্ব ইতি পাঠে উত্তর উপরি ত্রিমূ (?) দিবো শ্রেষ্ঠে স্থিতরস্তন্তনীতয়োরিতি ভূরিং। সত্ত্বস্তৎক্ষণাৎ তস্মিন্ কালে ইতি পরেণান্বয়ঃ।

১০। লো-টী। অস্মিন্ কালে অদক্ষিণং বাহুং নয়নং 'বাহুশ্চ বাপ্যদক্ষিণ' ইতি পুনরুক্তিরতিস্পন্দে তাৎপর্য্যম্। 'প্রাস্পন্দন্নয়নঞ্চাস্য মুহুর্মুহুরদক্ষিণম্' ইতি পাঠঃ ক্বচিৎ। বিভেদ প্রকৃতবর্ণাদন্যবর্ণো বভূবেত্যর্থঃ।

১১। লো-টী। ব্যাকুলং ব্যাপ্তং ঘনৈরিতি শেষঃ। দুর্দ্দিনঞ্চ রূক্ষো দুঃসহঃ প্রতিকূলো মারুতো যস্মিন্ তৎ, বিস্বরং বিবিধশব্দম্ উচুঃ। খরং দুঃসহং দীপ্তম্ অপজনকং (?), 'দীনমি'তি পাঠে দুঃখজনকম্।

দ্রুতগামী অকম্পনের রথের অশ্ব ভয়ে ব্যাকুল হইয়া উঠিল, তাহাদের পদ স্খলিত হইয়া জঘন-প্রদেশে ভূসংলগ্ন হইতে লাগিল ॥ ৯ ॥

অকম্পনের বামবাহু ও চক্ষু স্পন্দিত হইতে লাগিল, মুখবর্ণ বিকৃত হইল এবং কণ্ঠস্বর বিজড়িত হইয়া উঠিল ॥ ১০ ॥

আকাশ আকুল হইয়া উঠিল, দিবস মেঘে অন্ধকার হইল, বাতাস রূক্ষ (কর্কশ) হইল, পশুগণ উৎকট চীৎকার করিতে লাগিল, তাহাদের শব্দ অতিশয় ক্রূর ও ভয়াবহ হইয়া উঠিল ॥ ১১ ॥

১। ছ 'প্রাস্পন্দন্নয়নঞ্চাস্য বাহুশ্চৈবা প্রদক্ষিণঃ'। ২। ছ 'বিভেদ'। ৩। ছ '-দং চা'। ৪। ছ অতঃ পরং 'উচুঃ স্বরং প্রদীপ্তঞ্চ বিস্বরং মৃগপক্ষিণঃ' ইত্যধিকম্।

মত্তসিংহাঞ্চিতস্কন্ধঃ শার্দ্দূলসমবিক্রমঃ।

তানুৎপাতানধঃ কৃত্বা নির্জগাম মহাবলঃ ॥ ১২ ॥

তস্য[1] নিষ্পততস্তত্র[2] রাক্ষসৈঃ সহ রক্ষসঃ।

